# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Chaitra 30, 1432 Bangla, April 13, 2026, Monday, No. 100, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman will inaugurate distribution of "Farmer Card" program on Pahela Baishakh tomorrow in a pre-pilot phase across country's 11 upazilas of 10 districts. [Jago FM: 10]

The Prime Minister has said, BNP signed July Charter in effort to repair state stressing that the government is committed to implement its every provision. [Jago FM: 11]

Health Minister Sardar Md Sakhawat Husain has emphasized on increasing public involvement of field-level officials & ensuring cent percent child participation to make measles vaccination campaign in capital successful. [Jago FM: 12]

Ten children have died from measles & measles-like symptoms in last 24 hours in country. [BBC: 03]

Law Minister Md Asaduzzaman has said, ordinances promulgated by interim government will be reviewed through proper scrutiny, alleging that opposition leaders are misleading people over the issue. [Jago FM: 14]

Mahdi Amin, Prime Minister's adviser on Expatriate Welfare and Overseas Employment, has said, Malaysia's labour market will reopen soon for Bangladeshi workers. [Jago FM: 11]

Iranian Ambassador Jalil Rahimi Jahanabadi has assured assistance in safely crossing Strait of Hormuz for Bangladeshi vessels currently stranded there. [BBC: 05]

Talks between Iran & The United States has ended without any agreement in Islamabad - The Pakistani Foreign Minister has urged both the countries to remain committed to the ceasefire. [BBC: 05]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ৩০, বাংলা ১৪৩২, এপ্রিল ১৩, ২০২৬, সোমবার, নং- ১০০, ৫৬তম বছর**

# শিরোনাম

পহেলা বৈশাখে প্রাক-পাইলটিং পর্যায়ে দেশের ১০টি জেলার ১১ উপজেলায় 'কৃষক কার্ড' বিতরণ কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো এফএম: ১০]

প্রধানমন্ত্রী বলেছেন, জুলাই সনদের প্রতিটি দফা যথাযথভাবে বাস্তবায়নে সরকার বদ্ধপরিকর। [জাগো এফএম: ১১]

রাজধানীতে হামের টিকাদান কর্মসূচি সফল করতে মাঠপর্যায়ের কর্মকর্তাদের জনসম্পৃক্ততা বাড়ানো এবং শতভাগ শিশুর অংশগ্রহণ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মোঃ সাখাওয়াত হোসেন। [জাগো এফএম: ১২]

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হাম উপসর্গে আরও ১০ শিশুর মৃত্যু। [বিবিসি: ০৩]

সংসদে বিল পাসের মাধ্যমে বাতিল হওয়া অধ্যাদেশগুলো পরবর্তী সময়ে যাচাই-বাছাই করা হবে--- জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। [জাগো এফএম: ১৪]

মালয়েশিয়ায় বাংলাদেশের শ্রমবাজার দ্রুত পুনরায় চালু করতে সরকার জোর তৎপরতা চালাচ্ছে --- বলেছেন প্রধানমন্ত্রীর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন। [জাগো এফএম: ১১]

হরমুজ প্রণালিতে আটকে পড়া বাংলাদেশি জাহাজগুলোকে নিরাপদে পারাপারে সহযোগিতার আশ্বাস ঢাকায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জলিল রহিমি জাহানাবাদীর। [বিবিসি: ০৫]

ইসলামাবাদে কোনো চুক্তি ছাড়াই ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে শেষ হলো শান্তি আলোচনা - দুই দেশকে যুদ্ধবিরতি বজায় রাখার আহ্বান পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীর । [বিবিসি: ০৫]

# বিবিসি

## দুপুরে জামিনের পর সন্ধ্যায় কারাগার থেকে মুক্তি পেলেন সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরী

জুলাই আন্দোলনে ঢাকার লালবাগ থানায় দায়ের করা একটি হত্যাচেষ্টা মামলায় জাতীয় সংসদের সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীর জামিনের পর কারাগার থেকে মুক্তি পেয়েছেন। রোববার সন্ধ্যায় জামিনের কাগজপত্র কারাগারে পৌঁছানোর পর নিয়মানুযায়ী তিনি কারামুক্তি পান। গাজীপুরের কাশিমপুরের মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে সন্ধ্যা সাড়ে ৬টায় তিনি জামিনে মুক্তি পেয়েছে ন বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন মহিলা কারাগারের সিনিয়র জেল সুপার মোছা. কাওয়ালিন নাহার। এর আগে , রোববার ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে শুনানি শেষে বিচারক জাকির হোসাইন তার জামিন আবেদন মঞ্জুর করেন। মিজ চৌধুরীকে গত মঙ্গলবার ভোরে ঢাকার একটি বাসা থেকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। পরে ওইদিনই আদালতে নেওয়া হলে আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ এলিনা)

## সাবেক আইনমন্ত্রী শফিক আহমেদ মারা গেছেন

বিগত আওয়ামী লীগ সরকারের সাবেক আইনমন্ত্রী ও সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী শফিক আহমেদ মারা গেছেন। রোববার সন্ধ্যায় ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তিনি দীর্ঘদিন শারীরিক নানা জটিলতায় ভুগছিলেন। মি. আহমেদের ছেলে মাহবুব শফিক বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। শফিক আহমেদ ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত আওয়ামী লীগ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী ছিলেন। এছাড়া তিনি সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি এবং বাংলাদেশ বার কাউন্সিলের সাবেক ভাইস চেয়ারম্যান ছিলেন। (বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রনি)

## হাম ও উপসর্গ নিয়ে গত একদিনে ১০ শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় হাম ও হাম উপসর্গে আরও ১০ শিশুর মৃত্যু হয়েছে। এই ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামে এক হাজার ২৬৮ জন এবং নিশ্চিত হামে ১৫০ জন আক্রান্ত হয়েছেন। আর নিশ্চিত হামে চারজনের মৃত্যু এবং সন্দেহজনক হামে ছয়জনের মৃত্যু হয়েছে। রোববার স্বাস্থ্য অধিদপ্ত রের কন্ট্রোল রুমের পাঠানো বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , গত ১৫ মার্চ থেকে ১২ এপ্রিল পর্যন্ত সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১৫ হাজার ৬৫৩ জন। নিশ্চিত হামরোগীর সংখ্যা দুই হাজার ৬৩৯ জন। এদিকে, ১৫ মার্চ থেকে ১২ এপ্রিল পর্যন্ত সন্দেহজনক হামে আক্রা ন্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১০ হাজার ২২৫ জন। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড় পেয়েছেন সাত হাজার ৬৫৬ জন। এছাড়া গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আরও চারজন এবং ১৫ মার্চ থেকে ১২ এপ্রিল পর্যন্ত মোট ২৮ জনের মৃত্যু হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ এলিনা)

## বাংলাদেশের পাবলিক পরীক্ষা পদ্ধতিতে কী পরিবর্তন করতে চাইছে সরকার?

বাংলাদেশে পাবলিক পরীক্ষায় যে-কোনো বিষয় পুনর্নিরীক্ষণ করার আবেদন বা অনুত্তীর্ণ হলে সর্বোচ্চ চারবার পরীক্ষা দেওয়ার যে বর্তমান নিয়ম রয়েছে, সেটি পরিবর্তনের কথা ভাবছে সরকার। একইসাথে প্রশ্নপত্র ফাঁস রোধ, পরীক্ষার হলে প্রযুক্তিগত অপরাধের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য বর্তমান আইনেই পরিবর্তন আনার কথা জানিয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী। এরই অংশ হিসেবে, আন্তঃশিক্ষা বোর্ড, পরীক্ষা পরিচালনা নীতিমালা এবং দ্য পাবলিক এক্সামিনেশনস (অফেন্সেস) অ্যাক্ট, ১৯৮০-তে বেশ কিছু পরিবর্তন আনার উদ্যোগ নিয়েছে সরকার। শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন শনিবার রাজশাহী শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডে এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্রের সচিবদের সাথে এক মতবিনিময় সভায় বিদ্যমান আইনে এমন কিছু পরিবর্তন করার কথা জানান।

এছাড়া, সারা দেশের সব শিক্ষা বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে পরিবর্তন আনার কথাও চিন্তা করা হচ্ছে বলে জানিয়েছেন মি. মিলন। শিক্ষামন্ত্রী বলেন, "প্রশ্নপত্র ফাঁস আউটের সাথে কে রিলেটেড আমরা কী জানি না? তাদেরকেও আইনের আওতায় আমরা আনবো। আইন এমনভাবে স্টিপুলেট করবো, ছাত্র-ছাত্রীদের জন্য না, আমাদের জন্য।„ বিভিন্ন শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে কথা বলেছে বিবিসি বাংলা। কর্মকর্তারা বলছেন, পু পুনর্নিরীক্ষণ পদ্ধতির বদলে পুনর্মূল্যায়ন পদ্ধতি চালু করা, ডিজিটাল ডিভাইসের মাধ্যমে হওয়া জালিয়াতির জন্য শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্যই বিদ্যমান আইনে বেশ কিছু সংস্কার, পরিবর্তন ও আইন যুগোপযোগী করার উদ্যোগ নেওয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ ফাহিম ফয়সাল বিবিসি বাংলাকে বলেন, "এরই মধ্যে বিদ্যমান আইনটিকে কীভাবে যুগোপযোগী করা যায়, সেটির প্রাথমিক খসড়া তৈরির কাজ চলছে।„ এদিকে, পাবলিক পরীক্ষায় পুনর্নিরীক্ষণ পদ্ধতি বাতিল করে পুনর্মূল্যায়ন পদ্ধতি চালু করলে সেটি 'খুবই খারাপ সিদ্ধান্ত হবে' উল্লেখ করে শঙ্কা প্রকাশ করেছেন শিক্ষকরা। অধ্যক্ষ পরিষদের সভাপতি ও খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক কোষাধ্যক্ষ অধ্যাপক মো. মাজহারুল হান্নান বিবিসি বাংলাকে বলেন, "এটা খুবই খারাপ সিদ্ধান্ত হবে। পুনর্মূল্যায়ন পদ্ধতি চালু

হলে দুর্নীতি আরো প্রচণ্ডভাবে বেড়ে যাবে। এর ফলে সুযোগটা সৃষ্টি হয়ে যাবে, করাপশন বা দুর্নীতি ঠেকানোর আর কোনো সুযোগ থাকবে না।„

**পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষণের অর্থ কী?**

বিভিন্ন বোর্ডের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রকরা জানান, পরীক্ষার উত্তরপত্র পুনর্নিরীক্ষণ বলতে পুনর্মূল্যায়ন বোঝায় না। আন্তঃশিক্ষা বোর্ডের পরীক্ষা পরিচালনা নীতিমালা অনুযায়ী, পরীক্ষার খাতায় বা উত্তরপত্রের ভেতরে কোনো প্রশ্নোত্তরে পরীক্ষক বা প্রধান পরীক্ষক মূল্যায়ন না করলে পুনর্নিরীক্ষণ পদ্ধতিতে বর্তমানে নম্বর দেওয়া যায়। উত্তরপত্রের ভেতরে কোনো নম্বর কভার বা প্রথম পাতায় ওঠাতে ভুল হলে, সেটি সংশোধন করা যাবে। একইসাথে কভার পৃষ্ঠায় ওঠানো নম্বরের যোগফল ভুল হলে, সেটিও সংশোধন করা যাবে। কিন্তু বিদ্যমান নীতিমালা অনুযায়ী, পুনর্নিরীক্ষণ পদ্ধতিতে পরীক্ষক বা প্রধান পরীক্ষকের দেওয়া নম্বর কোনো অবস্থাতেই সংশোধন করা যায় না। শিক্ষা বোর্ডগুলো পাবলিক পরীক্ষার ফল প্রকাশের সাতদিনের মধ্যে শিক্ষার্থীদের কাছ থেকে ফিসহ পুনর্নিরীক্ষণের জন্য আবেদনপত্র গ্রহণ করে এই পদ্ধতিতে। পরবর্তীতে যারা, যে-সব বিষয়ে আবেদন করে, তাদের রোল নম্বরগুলো পুনর্নিরীক্ষণ করা হয়। পরে শিক্ষা বোর্ডগুলো আবেদন করা বিষয়ের উত্তরপত্র নিরীক্ষণ করে ফল প্রকাশ করে থাকে। বিষয়টির ব্যাখ্যা করে রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আ ন ম মোফাখখারুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "গণনায় ভুল, বৃত্ত ভরাটে ভুল অথবা কোনো প্রশ্ন অমূল্যায়িত থেকে গেলে সেটিতে নম্বর দেওয়ার যে সুযোগ সেটিকেই পুনর্নিরীক্ষণ পদ্ধতি বলে।„

**পুনর্মূল্যায়ন পদ্ধতি কী? এতে আপত্তি কেন?**

বিভিন্ন শিক্ষা বোর্ডের কর্মকর্তারা জানান, এরই মধ্যে বিভিন্ন সময়ে শিক্ষামন্ত্রী বিভিন্ন বৈঠকে পুনর্মূল্যায়ন পদ্ধতির কথা জানিয়েছেন। এই পদ্ধতিতে পরীক্ষার খাতাকে নতুন করে মূল্যায়ন করা বোঝায়। অর্থাৎ এই পদ্ধতিতে নম্বর কমতে পারে, একই থাকতে পারে এবং বাড়তেও পারে। পরীক্ষার খাতা পুনর্মূল্যায়নের আবেদন করলে তিনটি সুযোগই পাবেন একজন পরীক্ষার্থী। কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. শামছুল ইসলাম জানান, শিক্ষামন্ত্রী এই বিষয়ে কিছুটা ইঙ্গিত দিয়েছেন। তবে নীতিমালা বা আইনে পরিবর্তন না আসা পর্যন্ত পুনর্নিরীক্ষণ পদ্ধতিই চালু থাকবে। এদিকে, শিক্ষকরা যখন বিভিন্ন পাবলিক পরীক্ষার খাতা মূল্যায়ন করেন, তা বেশ নিরপেক্ষভাবেই করেন বলে দাবি করেন অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক মো. মাজহারুল হান্নান। "শিক্ষকরা যখন খাতা দেখেন, তখন সেটি বোঝা যায় না যে, সেটি কার খাতা, কোথাকার খাতা, কীসের খাতা। তার পরিচয় কিন্তু খাতায় গুপ্ত থাকে, কোড নম্বর হিসেবে থাকে,„ বলেন মি. হান্নান। "সেজন্য এটা বোঝা যাবে না যে, কোন কেন্দ্রের পরীক্ষার্থী, মেয়ে না ছেলে, কোনোভাবেই পক্ষপাতিত্ব করার কোনো সুযোগ নেই,„ কথাগুলো বলছিলেন ৪০ বছর ধরে শিক্ষকতা পেশায় থাকা এই নেতা। মি. হান্নানের দাবি, "এটা খুবই নির্বুদ্ধিতার পরিচয় হবে। এই সুযোগ তৈরি হলে সমস্ত খাতা পুনর্মূল্যায়নের আবেদন হবে। সেক্ষেত্রে টাকা-পয়সার ছড়াছড়ি হবে, তাই এটা হতে দেওয়া কোনোমতেই উচিত না।„

**'ফেইল করলে দুইবারের বেশি পরীক্ষা দেওয়া যাবে না'**

শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন জানিয়েছেন, একজন শিক্ষার্থী কোনো বিষয়ে অনুত্তীর্ণ বা ফেইল করলে দুইবারের বেশি ওই বিষয়ে পরীক্ষা দিতে পারবেন না। "একজন একবার ফেইল করলো, দুইবার ফেইল করলো, তিনবার ফেইল করলো, চারবার পর্যন্ত আপনারা রেজিস্ট্রেশন করে কোয়েশ্চেন করেন। আচ্ছা, আপনার কী দায়িত্ব হয়ে গেছে ফেইলিওর স্টুডেন্টের লিগ্যাসি ক্যারি করা, এটা কি আমাদের দায়িত্ব? দুইটার বেশি সুযোগ পাবে না,„ বলেন মি. মিলন। তবে শিক্ষক নেতা মো. মাজহারুল হান্নান মনে করেন, অনুত্তীর্ণ হওয়া পরীক্ষার্থীকে পড়াশোনা করেই আবার পরীক্ষায় বসতে হবে। তাই তাকে এই সুযোগ দেওয়াই যায়। অধ্যক্ষ পরিষদের সভাপতি মি. হান্নান বলেন, "এইক্ষেত্রে সুযোগ দেওয়া উচিত। যদি কোনো ছাত্র পড়তে চায়, পরীক্ষা আবার দিতে চায়, তাহলে সেখানে বাধা দেওয়ার কী আছে, সে দিতে পারে।„

**ডিজিটাল অপরাধ প্রতিরোধে আইনে সংশোধনী আনা হবে**

দ্য পাবলিক এক্সামিনেশনস (অফেন্সেস)অ্যাক্ট, ১৯৮০, অনুযায়ী বাংলাদেশের বিভিন্ন পাবলিক পরীক্ষা যেমন : এসএসসি, এইচএসসি, বৃত্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা ফাহিম ফয়সাল বিবিসি বাংলাকে বলেন, "১৯৮০ সালের আইনটি দিয়ে প্রশ্নপত্র ফাঁস, অনলাইনে প্রশ্ন ফাঁস বা ডিজিটাল ফরম্যাটে প্রশ্ন ফাঁসের বিষয়ে ব্যবস্থা নেওয়ার বিধান ওই আইনে ছিল না।„ বর্তমান আইনের আওতায় ডিজিটাল ডিভাইস ব্যবহার করে পরীক্ষায় জালিয়াতি, অসদুপায় অবলম্বন এবং অর্গানাইজড ক্রাইম বা অপরাধের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায় না। "অর্গানাইজড ক্রাইম যেমন একটা সংঘবদ্ধ গোষ্ঠী, অনেকে মিলে অপরাধ করলে প্রত্যেককে আইনের আওতায় আনা এবং কোনো প্রতিষ্ঠান বা কোনো কোচিং সেন্টারও যদি জড়িত থাকে, তাদেরকে আইনের আওতায় আনার জন্যই কাজ চলছে,„ বলেন মি. ফয়সাল। প্রযুক্তির উৎকর্ষতার সঙ্গে সঙ্গে যে-সব অপরাধ প্রযুক্তি ও ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে করা হয়, সেগুলোকে বিদ্যমান আইনে শাস্তির আওতায়

"কতটা অ্যাকোমোডেট করা যায়, সেই চেষ্টাই চলছে," বলে জানান শিক্ষা মন্ত্রণালয়ের এই আইন কর্মকর্তা। তবে, "এটি এখনো চূড়ান্ত নয়, এখনো খুব খসড়া পর্যায়ের কাজ চলছে। এটা নিয়ে আইন কমিশনও একটা কাজ করছে, সুপারিশ প্রণয়ন এই আইনটাকে কীভাবে যুগোপযোগী করা যায়। সব মিলিয়ে এখনো খসড়া পর্যায়ে আছে," বলেন শিক্ষা মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা মি. ফয়সাল। (বিবিসি ওয়েব পেজ : ১২.০৪.২০২৬ আলী আহমেদ)

## ওয়াশিংটনে ফিরে গেছেন জেডি ভ্যান্স ও কর্মকর্তারা

ইরান যুদ্ধ বন্ধে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে ২১ ঘণ্টা আলোচনা কোনো সমঝোতা ছাড়াই শেষ হয়েছে জানিয়ে সকালে সংবাদ সম্মেলন করেছেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। সে সময় তার সাথে উপস্থিত ছিলেন মধ্যপ্রাচ্য বিষয়ক বিশেষ দূত স্টিভ উইটকফ এবং ট্রাম্পের জামাতা ও হোয়াইট হাউসের উপদেষ্টা জ্যারেড কুশনার। এর পরপরই মি. ভ্যান্স ও উচ্চপদস্থ মার্কিন কর্মকর্তারা নিজের দেশের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন। এটি ছিল একটি সংক্ষিপ্ত সংবাদ সম্মেলন, যেখানে অল্প কয়েকজন সাংবাদিকই প্রশ্ন করার সুযোগ পেয়েছেন। সংবাদ সম্মেলনে দেওয়া মি. ভ্যান্সের মূল বক্তব্য নিচে দেওয়া হলো : ইসলামাবাদে ২১ ঘণ্টার শান্তি আলোচনার পর যুক্তরাষ্ট্র ও ইরান যুদ্ধ বন্ধে কোনো চুক্তিতে পৌঁছাতে ব্যর্থ হয়েছে। ভ্যান্স বলেন, "আমরা ইরানিদের সাথে বেশ কিছু গঠনমূলক আলোচনা করেছি, এটা সুসংবাদ। তবে দুঃসংবাদ হলো যে, আমরা কোনো চুক্তিতে পৌঁছাতে পারিনি। আমি মনে করি, এটি যুক্তরাষ্ট্রের চেয়ে ইরানের জন্য অনেক বেশি খারাপ খবর।" তিনি আরও বলেন, "আমরা এমন কোনো পরিস্থিতিতে পৌঁছাতে পারিনি, যেখানে ইরানিরা আমাদের শর্তগুলো মেনে নেবে।" পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও ফিল্ড মার্শাল আসিম মুনিরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন মি. ভ্যান্স। তিনি বলেন, আলোচনার ক্ষেত্রে 'যে ঘাটতিই' থাকুক না কেন, 'তা পাকিস্তানিদের কারণে হয়নি, তারা অসাধারণ কাজ করেছেন'। ইরানের পারমাণবিক সক্ষমতা সম্পর্কে জিজ্ঞাসা করা হলে মি. ভ্যান্স জবাব দেন যে, ইরানকে বর্তমান এবং ভবিষ্যতে পারমাণবিক অস্ত্র তৈরি থেকে বিরত রাখা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের "মূল লক্ষ্য"। তিনি আরও জানান যে, মি. ট্রাম্প এ আলোচনার সাথে যুক্ত ছিলেন এবং আলোচনার সময় তিনি প্রেসিডেন্টের সাথে অন্তত 'আধা ডজন' থেকে 'ডজনখানেকবার, কথা বলেছেন। বক্তব্য শেষ করার আগে মি. ভ্যান্স যোগ করেন, "আমরা এখান থেকে একটি অত্যন্ত সহজ প্রস্তাব নিয়ে যাচ্ছি - একটি সমঝোতার পথ, যা আমাদের চূড়ান্ত এবং সেরা অফার। এখন দেখা যাক, ইরানিরা এটি গ্রহণ করে কি-না।"
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি থেকে মাইন পরিষ্কার করতে ন্যাটোর সহায়তার আশ্বাস : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, হরমুজ প্রণালিতে স্থাপন করা মাইন পরিষ্কার করতে ন্যাটো সহায়তার আশ্বাস দিয়েছে। বিশ্বের গুরুত্বপূর্ণ এই নৌপথ অবরোধের হুঁশিয়ারি দেওয়ার পরপরই ফক্স নিউজকে দেওয়া একটি সাক্ষাৎকারে এই তথ্য জানান ট্রাম্প। তিনি বলেন, আগে যুক্তরাষ্ট্র ন্যাটোর ওপর খুবই বিরক্ত ছিল। তবে এখন তারা এসে প্রণালিটি মাইন পরিষ্কার করতে সহায়তা করতে চায়। ট্রাম্প বলেন, "এটি পরিষ্কার করতে খুব বেশি সময় লাগবে না। আমরা প্রণালিটি পরিষ্কার করবো এবং এটি খুব শিগ্‌গিরই জাহাজ চলাচলের জন্য উন্মুক্ত হবে।" তিনি আরও বলেন, "যুক্তরাষ্ট্র মাইন অপসারণকারী জাহাজ মোতায়েন করছে এবং যুক্তরাজ্যসহ ন্যাটোভুক্ত আরও কয়েকটি দেশও তা করবে। আমার জানা মতে, যুক্তরাজ্য এবং আরও কয়েকটি দেশ মাইনসুইপার পাঠাচ্ছে।"
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রনি)

## যুদ্ধবিরতি বজায় রাখা দুইপক্ষের জন্য 'অপরিহার্য', বললেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী

শান্তি আলোচনা শেষ হওয়ার পর পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী এক বিবৃতিতে তিনি উভয়পক্ষকে যুদ্ধবিরতি বজায় রাখার জন্য আহ্বান জানিয়েছেন। ইসহাক দার বিবৃতিতে বলেছেন, "(যুক্তরাষ্ট্র ও ইরান) পক্ষগুলোর জন্য যুদ্ধবিরতির প্রতি তাদের প্রতিশ্রুতি বজায় রাখা অপরিহার্য।" এক্স-এ প্রকাশিত ওই পোস্টে বলা হয়েছে, "আমরা আশা করি যে, উভয়পক্ষ ওই সমগ্র অঞ্চল এবং এর বাইরেও টেকসই শান্তি ও সমৃদ্ধি অর্জনের জন্য ইতিবাচক মনোভাব নিয়ে কাজ চালিয়ে যাবে।" পোস্টটির শেষে পাকিস্তান জানিয়েছে, "সামনের দিনগুলোতে" তারা দুইপক্ষের মধ্যে সংলাপ সহজতর করতে ভূমিকা পালন করে যাবে।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতি মেনে চলা এবং শান্তি আলোচনা পুনরায় শুরুর আহ্বান অস্ট্রেলিয়ার

অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং যুক্তরাষ্ট্র ও ইরানকে যুদ্ধবিরতি মেনে চলতে এবং শান্তি আলোচনা পুনরায় শুরু করার আহ্বান জানিয়েছেন। বিবিসি অ্যারাবিকের খবর বলছে, মিজ ওং বলেছেন, "যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে ইসলামাবাদ আলোচনা কোনো চুক্তি ছাড়া শেষ হওয়াটা হতাশাজনক।" তিনি বলেন যে, "বর্তমান অগ্রাধিকার হওয়া উচিত যুদ্ধবিরতি বজায় রাখা এবং পুনরায় আলোচনার টেবিলে ফিরে আসা।" মিজ ওং সতর্ক করে দিয়ে বলেন, সংঘাতের মাত্রা বৃদ্ধি পেলে মানবিক ক্ষয়ক্ষতি বাড়বে এবং বিশ্ব অর্থনীতিতে আরও নেতিবাচক প্রভাব পড়বে।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের সাথে দুই বা তিনটি ক্ষেত্রে মতপার্থক্য ছিল: ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়

ইসলামাবাদে শান্তি আলোচনা ব্যর্থ হওয়া নিয়ে ইরানের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, শান্তি আলোচনায় সব বিষয়ে তাদের মতানৈক্য হয়নি, অনেকগুলো বিষয়ে তারা যুক্তরাষ্ট্রের সাথে একমতও হয়েছিলেন। 'ইরান নিউজ নেটওয়ার্ককে, দেওয়া সাক্ষাৎকারে মি. বাঘাই বলেছেন, পাকিস্তানের মধ্যস্থতায় মোট ২৪ থেকে ২৫টি আলোচনা অনুষ্ঠিত হয়েছে। "কিছু ক্ষেত্রে আমরা মার্কিন প্রতিনিধি দলের সাথে সমঝোতায় পৌঁছেছিলাম, তবে দুই বা তিনটি ক্ষেত্রে মতপার্থক্য ছিল এবং সেখানে আমরা কোনো সমেঝাতায় পৌঁছাতে সক্ষম হইনি।" তবে, ঠিক কোন বিষয়গুলোতে মতানৈক্য হয়েছিল, সেটি স্পষ্ট করে বলেননি তিনি। তিনি কেবল বলেছেন, হরমুজ প্রণালি এবং আঞ্চলিক পরিস্থিতির মতো নতুন বিষয়গুলো যুক্ত হওয়ায় আলোচনা আরও জটিল হয়ে পড়ে। এদিকে, এর আগে আরেক সাক্ষাৎকারে ইসমাইল বাঘাই বলেন, যুক্তরাষ্ট্র ও ইরান যে দ্রুতই একটি চুক্তিতে পৌঁছাবে, তা কখনোই প্রত্যাশিত ছিল না। ইরানের রাষ্ট্রীয় স্টুডেন্ট নিউজ নেটওয়ার্ককে তিনি বলেন, "শুরু থেকেই আমাদের এটা আশা করা উচিত ছিল না যে, আমরা একটিমাত্র বৈঠকেই কোনো চুক্তিতে পৌঁছাতে পারব। আমার মনে হয় না, কারোই এমন কোনো প্রত্যাশা ছিল।" তিনি বলেছেন, ৪০ দিনেরও বেশি সময় ধরে চলা 'চাপিয়ে দেওয়া যুদ্ধের' পর এবং যুদ্ধবিরতি কার্যকর হওয়ার দুইদিনের মধ্যেই একটি শান্তি আলোচনা হয়েছে, যা 'অবিশ্বাস, সন্দেহ ও সংশয়ে ভরা' এক পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। তবে, শান্তি আলোচনা বা একটি চুক্তিতে পৌঁছানোর সম্ভাবনা শেষ হয়ে গেল কী-না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "কূটনীতি কখনও শেষ হয় না।" মি. বাঘাই এর আগে বলেছিলেন, যুক্তরাষ্ট্রের উচিত 'অতিরিক্ত দাবি' করা থেকে বিরত থাকা।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## মারা গেছেন সংগীতশিল্পী আশা ভোঁসলে

ভারতের প্রখ্যাত সংগীতশিল্পী আশা ভোঁসলে মারা গেছেন। মুম্বাইয়ের ব্রিচ ক্যান্ডি হাসপাতালে আজ দুপুরে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯২ বছর। 'আভি না যাও ছোড় কার', 'দম মারো দম', 'চুরা লিয়া হ্যায় তুমনে' 'ও হাসিনা জুলফোঁওয়ালি'- এমন অসংখ্য জনপ্রিয় গানের প্লেব্যাক শিল্পী হিসেবে ব্যাপক সমাদৃত আশা ভোঁসলে হিন্দি ও বাংলাসহ ২০টিরও বেশি ভাষায় গান গেয়েছেন। ভারতের সম্মানজনক দাদা সাহেব ফালকে পুরস্কার, পদ্মবিভূষণ, বঙ্গ বিভূষণসহ বহু সম্মানে ভূষিত হয়েছিলেন তিনি। সবশেষ শনিবার রাতে হৃদ্‌যন্ত্র ও শ্বাসকষ্টজনিত সমস্যার কারণে তাকে মুম্বাইয়ের ব্রিচ ক্যান্ডি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। হাসপাতালের চিকিৎসকরা জানিয়েছেন, তার মাল্টি অর্গান ফেলিওর হওয়ায় তার শারীরিক অবস্থার অবনতি হয়। গানের জগতের সঙ্গে তার সখ্যতা ছেলেবেলা থেকে। বাবা দীননাথ মঙ্গেশকার একজন সংগীতশিল্পী ছিলেন, দিদি লতা মঙ্গেশকারের অবদান ভারতীয় সংগীত জগতে অপরিসীম ছিল। ধ্রুপদী থেকে পপ সমস্ত ঘরানার গানে তার অবাধ বিচরণ ছিল। ওপি নায়ার এবং এস ডি বর্মণ-সহ বিভিন্ন নামকরা সুরকারের সঙ্গে কাজ করে একের পর এক হিট গান গেয়েছেন তিনি। এগারো হাজারেরও বেশি গান গেয়ে রেকর্ডও গড়েছেন। ২০২২ সালে দিদি লতা মঙ্গেশকারের মৃত্যু হয়েছিল। রবিবার আশা ভোঁসলের প্রয়াণের সঙ্গে ভারতীয় সংগীত জগতের একটা অধ্যায়ের সমাপ্তি ঘটল বলে মনে করছেন বিশিষ্টজনেরা।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ইরানি প্রতিনিধিদলের আস্থা অর্জনে ব্যর্থ হয়েছে: ইরানি পার্লামেন্টের স্পিকার

ইরানের পার্লামেন্টের স্পিকার ও তেহরানের প্রতিনিধিদলের প্রধান মোহাম্মদ বাগের গালিবাফ বলেছেন, এখন যুক্তরাষ্ট্রকেই ঠিক করতে হবে, তারা ইরানের আস্থা অর্জন করতে চায় কী-না। এক্স (সাবেক টুইটার)-এ দেওয়া এক পোস্টে গালিবাফ বলেন, আলোচনার আগে তিনি জোর দিয়ে বলেছিলেন যে, ইরানের সদিচ্ছা ও আন্তরিকতা রয়েছে। কিন্তু আগের দুই যুদ্ধের অভিজ্ঞতার কারণে প্রতিপক্ষের ওপর তাদের কোনো আস্থা নেই। তিনি বলেন, "ইরানের প্রতিনিধিদল কিছু দূরদর্শী পদক্ষেপ উপস্থাপন করেছিল। কিন্তু শেষ পর্যন্ত এই দফার আলোচনায় যুক্তরাষ্ট্র ইরানি প্রতিনিধিদলের আস্থা অর্জনে ব্যর্থ হয়েছে।" তিনি আরও বলেন, "আমরা একমুহূর্তের জন্যও থামব না, এই ৪০ দিনের যুদ্ধে যা অর্জন করেছি, তা ধরে রাখতে ও শক্ত করতে আমরা কাজ চালিয়ে যাব।" তিনি বলেন, এই আলোচনা আয়োজন কঠিন ছিল। যে কারণে উদ্যোগ নেওয়ার জন্য তিনি পাকিস্তানকে ধন্যবাদও জানান।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি পার হতে হলে টোল দিতে হবে, ইরানি ডেপুটি স্পিকারের ঘোষণা

পাকিস্তানের ইসলামাবাদে ইরানের প্রতিনিধি দলের সাথে কয়েক ঘণ্টার বৈঠকের পর সংবাদ সম্মেলনে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স হরমুজ প্রণালির বিষয়টি উল্লেখ করেননি। বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি এই গুরুত্বপূর্ণ জলপথ দিয়ে পরিবাহিত হয়। যুদ্ধ বন্ধের আলোচনায় এই বিষয়টিও ছিল বেশ গুরুত্বপূর্ণ। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যে শর্তসাপেক্ষ যুদ্ধবিরতি চলছে, তার একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো এই হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল নিরাপদ রাখা। ইরান পার্লামেন্টের ডেপুটি স্পিকার হাজি বাবায়ি দেশটির মেহর

নিউজ এজেন্সিকে বলেছেন , হরমুজ প্রণালি তেহরানের জন্য একটি রেডলাইন। তিনি বলেন , এই প্রণালি পুরোপুরি ইরানের নিয়ন্ত্রণে এবং সেখান দিয়ে চলাচলের জন্য ইরানি মুদ্রায় টোল প্রদান করতে হবে। এদিকে , যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শনিবার তার সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশালের এক পোস্টে বলেন , হরমুজ প্রণালি শিগ্‌গিরই খুলে দেওয়া হবে। যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড শনিবার জানি য়েছে, দুটি নৌবাহিনীর ডেস্ট্রয়ার হরমুজ প্রণালি অতিক্রম করেছে এবং সমুদ্রের মাইন অপসারণে কাজ করছে। তবে , সেন্ট্রাল কমান্ডের এই দাবি অস্বীকার করেছে ইরান। ইরানের রেভল্যুশনারি গার্ড জানিয়েছে , কোনো সামরিক জাহাজ হরমুজ প্রণালি দিয়ে পার হওয়ার চেষ্টা করলে তা কঠোরভাবে প্রতিহত করা হবে। ইরানের রাষ্ট্রীয় ব্রডকাস্টার আইআরআইবি ,র বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে এএফপি।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ এলিনা)

## হাইতির জনপ্রিয় একটি পর্যটনকেন্দ্রে পদদলিত হয়ে৩০ জনের মৃত্যুর শঙ্কা

হাইতির ঐতিহাসিক একটি পর্যটনকেন্দ্রে পদদলিত হয়ে অন্তত ৩০ জন নিহত হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। ঘটনাটি শনিবার লাফেরিয়ের সিটাডেলে (ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী স্থান ) একটি অনুষ্ঠান চলাকালে ঘটে। দেশটির নর্ড বিভাগের সিভিল প্রোটেকশনের প্রধান জ্যা অরি পেতির আশঙ্কা, মৃত্যুর সংখ্যা আরও বাড়তে পারে। হাইতির প্রধানমন্ত্রী আলিক্স দিদিয়ের ফিলস আইমে বলেন, উত্তরাঞ্চলের মিলো শহরের ওই স্থানে অনেক তরুণ-তরুণীর অংশগ্রহণে একটি অনুষ্ঠান চলাকালে দুর্ঘটনাটি ঘটে। তিনি জানান , ঘটনার তদন্ত শুরু হয়েছে এবং ক্ষতিগ্রস্তদের সহায়তায় সংশ্লিষ্ট সবাইকে নির্দেশ দেওয়া হয়েছে। হতাহতের ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের প্র তি সমবেদনা জানান প্রধানমন্ত্রী। স্থানীয় গণমাধ্যমের খবরে বলা হয়েছে , ওই পর্যটন কেন্দ্রের অনুষ্ঠানটি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক প্রচারণা চলেছিল। যে কারণে এতে উপস্থিতি ছিল প্রচুর -সংখ্যক। তাদের মধ্যে অনেকেই ছিল তরুণ ও শিক্ষার্থী। অনুষ্ঠানে প্রবেশপথের কাছে শুরুতেই বেশ জটলা তৈরি হয় এবং হঠাৎই শুরু হয় ভারী বৃষ্টিপাত। যে কারণে পরিস্থিতি আরো খারাপের দিকে যায়।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধ এখন পর্যন্ত ৩,৩০০ জন নিহত হয়েছে : ইরান

ইরান জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা শুরু হওয়ার পর থেকে দেশটিতে এখন পর্যন্ত ৩,৩০০ জনের বেশি মানুষ নিহত হয়েছে। ইরানের বিচার বিভাগের অধীনস্থ সংস্থা লিগ্যাল মেডিসিন অর্গানাইজেশন সর্বশেষ তথ্যে বলেছে , হামলায় এখন পর্যন্ত ৩,৩৭৫ জনের মরদেহ শনাক্ত করা হয়েছে। তাদের মধ্যে ২,৮৭৫ জন পুরুষ এবং ৪৯৬ জন নারী। সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে তেহরান, হরমুজগান ও ইসফাহান প্রদেশে। সর্বশেষ তথ্যে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় শত শত শিশু নিহত হয়েছে। এর মধ্যে এক বছরের কম বয়সি সাতজন শিশু , এক থেকে ১২ বছরের ২৫৫ জন এবং ১৩ থেকে ১৮ বছরের ১২১ জন রয়েছে। এছাড়া , নিহতদের মধ্যে আফগান , সিরীয়, তুর্কি, পাকিস্তানি, চীনা, ইরাকি ও লেবানিজ নাগরিকরাও রয়েছে বলে জানানো হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ এলিনা)

## টোল দিয়ে হরমুজ প্রণালিতে চলাচল করা 'সব জাহাজ অবরোধের' ঘোষণা ট্রাম্পের

পাকিস্তানে যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা সফল না হওয়ায়, হরমুজ প্রণালি নিয়ে নতুন হুঁশিয়ারি দিয়েছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রোববার সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যাল-এর এক পোস্টে তিনি বলেছেন, "আলোচনায় অনেক বিষয়ে সমঝোতা হয়েছে, কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় পারমাণবিক ইস্যুতে কোনো সমঝোতা হয়নি।„ প্রেসিডেন্ট ট্রাম্প তার পোস্টে বলেন, "ভবিষ্যতে হরমুজ প্রণালি দিয়ে মুক্তভাবে জাহাজ চলাচলের একটি চুক্তি হতে পারে, কিন্তু ইরানের বাধার কারণে তা হচ্ছে না।„ যুক্তরাষ্ট্রের নৌবাহিনী অবিলম্বে টোল দিয়ে হরমুজ প্রণালিতে প্রবেশ করা বা সেখান থেকে বের হওয়া সমস্ত জাহাজ আটকে দেওয়ার প্রক্রিয়া শুরু করবে। তিনি আরও বলেন, "যুক্তরাষ্ট্র নৌবাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে, আন্তর্জাতিক জলসীমায় সেই জাহাজগুলোকে আটকে দিতে যেগুলো ইরানকে টোল দিয়েছে। পাশাপাশি, হরমুজ প্রণালিতে ইরান যে মাইন বসিয়েছে, সেগুলো ধ্বংস করার কথাও জানান তিনি।„ ট্রাম্প হুঁশিয়ারি দেন, "যে ওই অবৈধ টোল দেবে, সে নিরাপদে চলতে পারবে না। আর ইরান যদি মার্কিন বা অন্য কোনো জাহাজে হামলা চালায়, তাহলে কঠোর জবাব দেওয়া হবে।„ পরে তিনি বলেন, "খুব শিগ্‌গিরই এই অবরোধ শুরু হবে।„(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রনি)

## আমরা যা চাইবো, ইরান আমাদের তাই দিয়ে দেবে : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফক্স নিউজকে একটি টেলিফোনে একটি সাক্ষাৎকার দিয়েছেন। সেখানে তিনি বলেছেন, "ইরান একদিনে আমাদের বিমানবাহী রণতরি আব্রাহাম লিঙ্কনকে লক্ষ্য করে ঘণ্টায় ২,০০০ কিলোমিটার পর্যন্ত গতিতে ১০১টি ক্ষেপণাস্ত্র ছুড়েছিল। তার সবগুলোই ধ্বংস হয়ে গেছে এবং সেগুলো সবই এখন সমুদ্রের গভীরে চলে গেছে।„ যদিও ঠিক একই ধরনের মন্তব্য ট্রাম্প আরো আগেও একবার করেছিলেন। ফক্স নিউজকে তিনি আরও বলেন যে, তিনি পারস্য উপসাগরের নাম 'ট্রাম্প উপসাগর' রাখতে চেয়েছিলেন। কিন্তু পরে তিনি সিদ্ধান্ত নেন যে, এই

নামটি উপযুক্ত নয়। ট্রাম্প বলেন, ”ইরান আলোচনার টেবিল ছাড়েনি। আমি  ভবিষ্যদ্‌বাণী করছি, তারা ফিরে আসবে এবং আমরা যা চাই, তাই দেবে। আমি ৯০ শতাংশ চাই না। আমি ৯৫ শতাংশও চাই না। আমি পুরোটা চাই। তাদের হাতে খেলার মতো আর কোনো কার্ড অবশিষ্ট নাই।„ (বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রনি)

## হরমুজ প্রণালিতে ড্রোন নজরদারির নতুন ভিডিও প্রকাশ করেছে ইরান

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালিতে অবরোধের হুমকি দেওয়ার পর, ইরান  রেভ্যুলেশনারি গার্ড কোর বা আইআরজিসি হরমুজ প্রণালিতে নজরদারির একটি ড্রোন ভিডিও প্রকাশ করেছে।  ওই ভিডিওর ক্যাপশনে লেখা ছিল, ”সমস্ত নৌযান চলাচল ইরানি বাহিনীর সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।„  ওই ভিডিওটি প্রকাশের পর আইআরজিসি নৌ কমান্ড সতর্ক করে বলেছে যে, যদি কেউ হরমুজ প্রণালি নিয়ে কোনো ধরনের তৎপরতা চালাতে যায়, তারা বিপদে পড়বে। এদিকে, ডোনাল্ড ট্রাম্প ফক্স নিউজকে বলেছেন যে, তিনি হরমুজ প্রণালি অবরোধ করতে চান, কিন্তু সেটির জন্য কিছুটা সময় লাগবে। চুক্তি না হলে তিনি ইরানের জ্বালানি অবকাঠামো ধ্বংস করে দেওয়ার  হুঁশিয়ারি দিয়ে ট্রাম্প বলেছেন যে, ”আমি একদিনেই ইরানকে শেষ করে দিতে পারি।„ এর আগে ইরান জানিয়েছিল যে, তাদের অবকাঠামো আক্রান্ত হলে তারা ইসরায়েল ও এই অঞ্চলের অন্যান্য দেশে থাকা একই ধরনের স্থাপনাগুলো ধ্বংস করে দেবে।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রনি)

## ট্রাম্পের অবরোধের ঘোষণা খুব অল্প জাহাজকে প্রভাবিত করতে পারে

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অবরোধের হুমকি খুব অল্পসংখ্যক জাহাজের ওপরই প্রভাব ফেলবে বলে মনে করছেন শিপিং বিশেষজ্ঞ লার্স জেনসেন।   তিনি বলেন, ”যুক্তরাষ্ট্র যদি সত্যিই এমন পদক্ষেপ নেয়, তাহলে খুবই সীমিতসংখ্যক জাহাজ চলাচল বন্ধ হবে এবং সামগ্রিকভাবে এর প্রভাব খুব বেশি হবে না। ভেসপুসি মেরিটাইমের প্রধান নির্বাহী মি. জেনসেনের মতে, ইরানকে টোল দেওয়া জাহাজগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার হুমকিও কার্যত বড়ো কোনো পরিবর্তন আনবে না। কারণ এই জাহাজগুলো আগেই মার্কিন নিষেধাজ্ঞার ঝুঁকিতে ছিল। তিনি বলেন, ”প্রথমত এই পথে খুব কম জাহাজই চলাচল করছে। তার ওপর কমসংখ্যক জাহাজ টোল দেয়। আর যারা দেয়, তারা আগেই নিষেধাজ্ঞার আওতা বা ঝুঁকিতে ছিল।„ মি. জেনসেন জানান, বেশিরভাগ শিপিং কোম্পানি প্রাথমিকভাবে আপাতত পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, যে-কোনো ধরনের অস্থায়ী চুক্তি হয় কী-না, এমন হলে ধীরে ধীরে আবার জাহাজ চলাচল বাড়তে পারে। তবে ঠিক হবে এই নৌপথ জাহাজ চলাচলের জন্য নিরাপদ হবে, সেটি তিনি জানাননি। জেনসেন বলেন, ”শেষ পর্যন্ত বিষয়টি নির্ভর করে বিশ্বাসের ওপর। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যে-কোনো সমঝোতা কতদিন টিকবে, সেটাই মূল বিষয়।„ (বিবিসি ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রনি)

# এনইচকে

## পাকিস্তানে আলোচনার জন্য প্রস্তুত মার্কিন ও ইরানি প্রতিনিধিদল

শনিবার পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে আলোচনার জন্য মার্কিন ও ইরানি আলোচকরা প্রস্তুতি নিচ্ছেন। এই প্রস্তুতি এমন এক সময়ে নেওয়া হচ্ছে, যখন ইসরায়েল লেবাননে ইরান-সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহকে লক্ষ্য করে হামলা অব্যাহত রেখেছে। পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এবং সংসদীয় স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ-এর সাথে ইরানি প্রতিনিধিদলটি শহরটিতে এসে পৌঁছেছে। গালিবাফ, এই আলোচনায় দলের নেতৃত্ব দেবেন বলে ধারণা করা হচ্ছে। গালিবাফ বলেন যে, আলোচনা শুরু হওয়ার আগে 'লেবাননে যুদ্ধবিরতি' এবং 'ইরানের জব্দকৃত সম্পদ মুক্ত করা' অবশ্যই এই দুটি পদক্ষেপ নিতে হবে। অন্যদিকে, মার্কিন প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন, দেশটির ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। শুক্রবার ইসলামাবাদে রওয়ানা হওয়ার আগে তিনি বলেন, তারা একটি  `ইতিবাচক আলোচনা, করার চেষ্টা করবেন তিনি বলেন, ”ইরানিরা যদি সদিচ্ছা নিয়ে আলোচনা করতে ইচ্ছুক হন, তবে আমরা অবশ্যই তাদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিতে প্রস্তুত রয়েছি। আর যদি তারা আমাদের সাথে ছলনা করার চেষ্টা করেন, তবে তারা দেখবেন যে, আমাদের আলোচক দল ততটা গ্রহণশীল নয়।„ জানা গেছে, পাকিস্তানি সেনাপ্রধান আসিম মুনির গত মাসে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ইসলামাবাদে আলোচনা আয়োজনের প্রস্তাব দিয়েছিলেন। যুক্তরাষ্ট্র ও ইরান উভয়ের সঙ্গেই তার ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে বলে ধারণা করা হয়।(এনএইচকে ওয়েব পেজ: ১০.০৪.২০২৬ রনি)

# ডয়চে ভেলে

## `জাতীয় নিরাপত্তা, রক্ষায় কি গুমের সুযোগ চায় বিএনপি সরকার?

গুম প্রতিরোধ অধ্যাদেশ সংসদে অনুমোদন না দেওয়ায় গুম পরিস্থিতি আবার আগের অবস্থায় ফিরে গেছে বলে মন্তব্য করেছেন মানবাধিকার কর্মী নূর খান। তবে সরকারের দিক থেকে নতুন আইন করার কথা বলা হয়েছে। শেখ হাসিনার শাসনামলে গুমের শিকার পরিবারগুলোর সদস্যের  নিয়ে গঠিত সংগঠন  ”মায়ের ডাকের„ প্রধান সানজিদা ইসলাম তুলি ডয়চে ভেলেকে বলেছেন, ”অন্তর্বর্তী সরকারের ওই অধ্যাদেশ সবার সঙ্গে আলোচনা করে করা হয়নি। ফলে এখন তা নিয়ে প্রশ্ন উঠছে। নতুন আইন হলে তা সবার সঙ্গে আলোচনা করেই করতে হবে। গুমের বিচার পাওয়া নিশ্চিত না হওয়া

পর্যন্ত আমরা থামবো না। „ তবে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার এই বিষয়ে বলেন, ”মানবাধিকার কমিশন এবং গুম অধ্যাদেশ প্রণয়ন প্রক্রিয়ায় ছয় শতাধিক দেশি -বিদেশি অংশীজনের মতামত নেওয়া হয়েছিল, যার মধ্যে জাতিসংঘের মতো আন্তর্জাতিক সংস্থা এবং বিভিন্ন স্তরের নাগরিক সমাজের প্রতিনিধিরা ছিলেন। এমন বিস্তৃত অংশগ্রহণ এবং সবার অন্তর্ভুক্তিতে খসড়া প্রণয়ন করার প্রক্রিয়াটি ছিল নজিরবিহীন।„

প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গত বছরের পহেলা ডিসেম্বর গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ জারি করা হয়। ত্রয়োদশ জাতীয় সংস দ নির্বাচনে বিএনপি দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করে। ১২ মার্চ এই সংসদের প্রথম অধিবেশন শুরু হয়। বাংলাদেশের সংবিধানের ৯৩ (২) অনুচ্ছেদ অনুযায়ী, সংসদ অধিবেশন বসার পর ৩০ দিনের মধ্যে উত্থাপিত অধ্যাদেশটি অনুমোদন বা পাস করতে হয়। এই সময়ের মধ্যে পাস না হলে বা সংসদ অনুমোদন না দিলে, অধ্যাদেশটির কার্যকারিতা বাতিল বা তামাদি হয়ে যায়। কিন্তু বিএনপি সরকারের পক্ষ থেকে অন্তর্বর্তী সরকারের ১৩৩টি অধ্যাদেশের মধ্যে ২০টি অধ্যাদেশ ওই সময়ের মধ্যে সংসদে অনুমোদন দেওয়া হয়নি। ফলে সেগুলো কার্যকারিতা হারিয়েছে।

**গুম অধ্যাদেশ নিয়ে বিএনপি সরকারের আপত্তি**

অন্তর্বর্তী সরকারের সময়ের অধ্যাদেশগুলো পর্যালোচনা করতে বিরোধী দলসহ সংসদ সদস্যদের নিয়ে একটি বিশেষ সংসদীয় কমিটি গঠন করা হয়। তাতে গুম অধ্যাদেশের বিষয়ে সরকারের পক্ষ থেকে দেওয়া আপত্তিতে বলা হয়, ”জাতীয় নিরাপত্তার কারণে আটককে গুমের সংজ্ঞা থেকে বাদ দিতে হবে। নিরাপত্তা বাহিনীর সদস্যদের বিরুদ্ধে তদন্তে সরকারের পূর্ব অনুমতি নিতে হবে। „ অন্তর্বর্তী সরকারের অধ্যাদেশে স্পষ্ট করে বলা হয়েছে, ”গুমের ক্ষেত্রে রাষ্ট্রীয় নিরাপত্তা অথবা অন্য কোনো ধরনের অজুহাত গ্রহণযোগ্য নয়। আরো বলা হয়েছে, গুম একটি চলামান অপরাধ হিসাবে গণ্য হবে। অধ্যাদেশে গুমের সর্বোচ্চ শাস্তি নির্ধারণ করা হয় মৃত্যুদণ্ড। আর গুমের সঙ্গে জড়িত, নির্দেশদাতা ও ষড়যন্ত্রকারী, সবাই শাস্তির আওতায় আসবে। আর গুমের মামলায় অভিযুক্ত ব্যক্তি সেটা আইন -শৃঙ্খলা বাহিনীর সদস্য হলেও, তাদের তদন্তকারী কর্মকর্তা প্রয়োজনে গ্রেফতার ও জিজ্ঞাসাবাদ করতে পারবেন। এই অধ্যাদেশে গুমের বিচারের জন্য আলাদা ট্রাইব্যুনাল ও আলাদা গুম কমিশনের কথা বলা হয়েছে। আর ৯০ দিনের মধ্যে তদন্ত শেষ করার কথাও বলা হয়েছে।„

**`আমরা আগের অবস্থানে ফিরে গেছি**

মানবাধিকার কর্মী নূর খান ডয়চে ভেলেকে বলেন, ”আসলে এই গুম প্রতিরোধ অধ্যাদেশ অকার্যকর হওয়ার মধ্যদিয়ে আসলে আমরা আগের অবস্থায় ফিরে গিয়েছি। আগেও রাষ্ট্রীয় নিরাপত্তার নামে আমরা আইন -শৃঙ্খলা বাহিনীতে গুম করতে দেখেছি। এখনো যেন অবস্থা ফিরে এলো। আর যদি রাষ্ট্রীয় নিরাপত্তার কথা বলাই হয়, তাহলে সেটা সুনির্দিষ্ট করতে হবে। আর সেই অজুহাতে তো গুম করা যায় না। আইনগত ব্যবস্থা নেওয়া যায় এবং যার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বা আটক করে হবে, তাকে ২৪ ঘণ্টার মধ্যে আদালতে হাজির করতে হবে। আমাদের বুঝতে হবে, গুম একটি অপরাধ, কোনো অজুহাতেই গুমকে বৈধতা দেওয়ার সুযোগ নেই। „ আরেক প্র শ্নের জবাবে তিনি বলেন, ”আসলে আইন-শৃঙ্খলা বাহিনী এবং তাদের নিয়োজিত ব্যক্তিরাই গুমের সঙ্গে জড়িত বলে আমাদের অনুসন্ধান বলছে। আগে আইনে ছিল, আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের আদালতের অনুমতি নিয়ে গ্রেফতার করতে হবে। এখন সরকার বলছে, সরকারের পূর্বানুমতি নিয়ে গ্রেফতার করতে হবে। সেটা হলে তো বিচার বিভাগের স্বাধীনতা থাকলো না। সরকারের ওপর নির্ভরশীল হয়ে পড়লো। „ `মায়ের ডাকের, সানজিদা ইসলাম তুলি বলেন, ”আসলে অন্তর্বর্তী সরকার অধ্যাদেশ করার সময় সবার সঙ্গে কথা বলেনি। ফলে এটা নিয়ে সংকট তৈরি হয়েছে। অনেক লুপহোলও আছে। সেটা তারা কেন করল, তা আমরা বুঝতে পারছি না। এখন সরকার নতুন আইনের কথা বলছে। সেটা করতে হলেও, সবার সঙ্গে আলোচনা করেই করতে হবে। তবে আমরা কোনোভাবেই আওয়ামী লীগের সময়ের আইন ও গুমের কালচারে ফিরতে চাই না। আমরা এর অবসান চাই। আমরা গুমের বিচার চাই।„

**জাতীয় নিরাপত্তা ও গুম**

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ”জাতীয় নিরাপত্তার কারণ দেখিয়ে আটককে গুম বলা যাবে না, এটা আমরা মানবো না। গুমের অভিযোগে আইন -শৃঙ্খলা বাহিনীর সদস্যদের সরকারের অনুমতি ছাড়া গ্রেফতার করা যাবে না, এটাও মানবো না। আমরা পরিবারগুলো এর শিকার। আমরা এগুলো নিয়ে কথা বলব। নতুন আইন করার আগে আমা দের সাথে কথা বলতে হবে। আমাদের মতামত নিতে হবে। „ ”তবে অন্তর্বর্তী সরকারের ১৮ মাসে গুম নিয়ে শুধু কথাই হয়েছে, কোনো কাজ হয়নি। গুম কমিশনও কোনো কাজ করেনি। আমরা সাক্ষ্য দিয়েছি, তালিকা দিয়েছি। কিন্তু কোনো অগ্রগতি হয়নি,„ অভিযোগ তার। তার কথা, ”অন্তর্বর্তী সরকার অনেক কাজই করেছে কাউকে না জানিয়ে। নির্বাচনের মাত্র দুইদিন আগে মানবাধিকার কমিশন করা হয়েছে। আগে কেন করা হলো না। ” নূর খান বলেন, ”মানবাধিকার কমিশন, জুলাই অভ্যুত্থান এবং গুম প্রতিরোধ অধ্যাদেশ তিনটাই একটার সঙ্গে আরেকটা জড়িত। গুম প্রতিরোধের ব্যাপারে মানবাধিকার কমিশনকেও যুক্ত করা হয়েছিল। এখন কী হবে জানি না। ” গুম কমিশনের ব্যাপারে তিনি বলেন,

"আমরা মোট এক হাজার ৮০০ গুমের অভিযোগ গ্রহণ করেছি। তার মধ্যে ওভার ল্যাপিং বাদ দিল হবে এক হাজার ৬০০। আমরা কিছু তদন্ত শেষ করেছি। কিছু হাফডান আছে। সরকারকে প্রতিবেদন দিয়েছি। " এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "এখন গুম কমিশন আছে, কী নাই, তা নিয়ে আমরা ধোঁয়াশার মধ্যে আছি। আমরা কমিশন সদস্যরা আছি, কী নাই, তাও জানি না। দুই-এক দিনের মধ্যে স্পষ্ট হবে।"

**'নতুন আইন করবে সরকার'**

প্রধানমন্ত্রী তারেক রহমানের উপদেষ্টা জাহেদ উর রহমান ডয়চে ভেলেকে বলেন, "গুম প্রতিরোধ অধ্যাদেশ বাতিল হলো মানে সরকার ওই অধ্যাদেশ সংসদে তোলেনি। ফলে সেটিসহ ২০টি অধ্যাদেশের কার্যকারিতা এখন আর নাই। কিন্তু সরকার এর প্রয়োজনীয়তা আছে বলে নতুন আইন করবে। সেটা প্রক্রিয়ার মধ্যে আছে।" গুম প্রতিরোধ অধ্যাদেশে সরকারের দুইটি আপত্তি সম্পর্কে তিনি বলেন, "ওটা সরকারের অবজারভেশন। সরকার সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক যাতে না হয়, সেই বিবেচনা করে আইন করবে।" অন্যদিকে রবিবার বিকালে সচিবালয়ে এক ব্রিফিং-এ আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, "অন্তর্বর্তী সরকারের সময়ে করা মোট ১৩৩টি অধ্যাদেশের মধ্যে যে ১৬টি অধ্যাদেশ সংসদে উপস্থাপন করা হয়নি, সেগুলো অধিকতর যাচাই-বাছাই প্রয়োজন। তাই সেগুলো এখনো উপস্থাপন করা হয়নি।" তার কথা, "কিছু মহল সরকার এসব 'অধ্যাদেশ বাদ দিয়েছে' বলে বিভ্রান্তি ছড়াচ্ছে। আইনগুলোর প্রস্তাবনায় স্বচ্ছতা ও জবাবদিহির বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ থাকলেও, অনেকে তা উপেক্ষা করছেন।" এ বিষয়ে বিভ্রান্তি না ছড়ানোর আহ্বানও জানিয়েছেন আইনমন্ত্রী। তবে গুম প্রতিরোধে নতুন আইন করার উদ্যোগ কবে নেওয়া হবে, সে সম্পর্কে কিছু জানাননি তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রুবাইয়া)

## মানবাধিকার অধ্যাদেশ বাতিলে বিশিষ্ট নাগরিকের ক্ষোভ

অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা মানবাধিকার কমিশন, সুপ্রিম কোর্ট সচিবালয় ও সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগসংক্রান্ত গুরুত্বপূর্ণ অধ্যাদেশ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে রহিত করার প্রতিবাদে তীব্র ক্ষোভ ও নিন্দা জানিয়েছেন ৩১ জন বিশিষ্ট নাগরিক। এক যৌথ বিবৃতিতে রোববার তারা ক্ষোভ প্রকাশ করেন। আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত এসব সংস্কারমূলক অধ্যাদেশ গ্রহণ না করে, বর্তমান সরকারও অতীতের মতো 'প্রতিশ্রুতি ভঙ্গের সরকার' হিসেবে বিবেচিত হবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। বিবৃতিতে লেখা হয়েছে, "সাধারণ জনগণ ও নাগরিক সমাজের পক্ষ থেকে জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ, গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ এবং তথ্য অধিকার (সংশোধন) অধ্যাদেশ সংসদের প্রথম অধিবেশনেই পাস করার দাবি জানানো হচ্ছিল। কিন্তু বিরোধী দলসহ কয়েকজন সদস্যের 'নোট অব ডিসেন্ট' ও প্রবল আপত্তি উপেক্ষা করে ৯ এপ্রিল সংসদে মানবাধিকার কমিশন (রহিতকরণ) বিল, সুপ্রিম কোর্ট সচিবালয় (রহিতকরণ) বিল এবং সুপ্রিম কোর্টের বিচারক (রহিতকরণ) বিল পাস করা হয়। এটি বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহার ও বারবার উচ্চারিত অঙ্গীকারের সঙ্গে সাংঘর্ষিক।" এ ছাড়া তথ্য অধিকার (সংশোধন) এবং গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ অধিকতর যাচাই-বাছাইয়ের সুপারিশও দরকার ছিল না বলে তারা মনে করেন। অধ্যাদেশ রহিত করার প্রভাব সম্পর্কে বিবৃতিতে বলা হয়, "এর ফলে বিচার বিভাগের স্বাধীনতা ক্ষুণ্ণ হবে এবং অধস্তন আদালত আবার শাসন বিভাগ তথা সরকারদলীয় প্রভাব বিস্তারের পুরোনো রেওয়াজে ফিরে যাবে। জাতীয় মানবাধিকার কমিশনকে আন্তর্জাতিক মানের সঙ্গে সংগতিপূর্ণ করে সংশোধন করা জরুরি ছিল। কিন্তু তা না হওয়ায় প্রতিষ্ঠানটি আগের মতোই অকার্যকর, আমলাতান্ত্রিক বা দলীয় অনুগত ব্যক্তিদের প্রতিষ্ঠানে পরিণত হওয়ার আশঙ্কা প্রবল হলো।" বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, "সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, মানবাধিকার কমিশন অধ্যাদেশ প্রণয়ন প্রক্রিয়ায় বর্তমান আইনমন্ত্রী তৎকালীন অ্যাটর্নি জেনারেল হিসেবে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন, তাই এ বিষয়ে সরকারের আপত্তি বিস্ময়কর।" বিবৃতিতে স্বাক্ষরকারী ৩১ জন বিশিষ্ট নাগরিকদের মধ্যে রয়েছেন সুলতানা কামাল, অধ্যাপক আনু মুহাম্মদ, জেড আই খান পান্না, খুশী কবির, রাশেদা কে চৌধূরী, ইফতেখারুজ্জামান।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## পহেলা বৈশাখে ১১ উপজেলায় কৃষক কার্ড উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী

পহেলা বৈশাখে প্রি-পাইলটিং পর্যায়ে আট বিভাগের ১০টি জেলার ১১ উপজেলার ১১টি ব্লকে কৃষক কার্ড উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি টাঙ্গাইলের শহিদ মারুফ স্টেডিয়ামে এ কর্মসূচির শুভ উদ্‌বোধন করবেন বলে জানানো হয়েছে। শুরুর দফায় ২২ হাজার ৬৫ জন কৃষক, মৎস্য চাষি/আহরণকারী, প্রাণিসম্পদ খামারি ও দুগ্ধ খামারিসহ ভূমিহীন, প্রান্তিক, ক্ষুদ্র, মাঝারি ও বড়ো শ্রেণির সব কৃষককে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া লবণ চাষিরাও এতে অন্তর্ভুক্ত হয়েছেন। রোববার (১২ এপ্রিল) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। তিনি জানান, প্রাক-পাইলট

পর্যায়ে পঞ্চগড় জেলার সদর উপজেলার কমলাপুর ব্লক , বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার উথলি ব্লক , ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার কৃপালপুর ব্লক , পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলার রাজাবাড়ি ব্লক , কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার রাজারছড়া ব্লক , কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার অরণাপুর ব্লক , টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর উপজেলার সুরুজ ব্লক , রাজবাড়ি জেলার গোয়ালন্দ উপজেলার তেনাপঁচা ব্লক , মৌলভিবাজার জেলার জুড়ী উপজেলার ফুলতলা ব্লক , পঞ্চগড় জেলার বোদা উপজেলার পাঁচপির ব্লক ও জামালপুর জেলার , ইসলামপুর উপজেলার গাইবান্ধা ব্লকে এ কার্যক্রম উদ্‌বোধন হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## জুলাই সনদের প্রতিটি দফা বাস্তবায়নে সরকার বদ্ধপরিকর: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , শুধু সেনাবাহিনী নয় , দেশের প্রতিটি সেক্টর সংস্কার ও প্রতিটি মানুষের উন্নয়নের ইশতেহার আমরা বাস্তবায়ন করতে চাই। রাষ্ট্র মেরামতের লক্ষ্যে বিএনপি জুলাই সনদে স্বাক্ষর করেছিল। জু লাই সনদের প্রতিটি দফা যথাযথভাবে বাস্তবায়নে এই সরকার বদ্ধপরিকর। রোববার সকালে সেনানিবাসের দরবার হলে দেওয়া বক্তব্যে তিনি সেনাবাহিনীর পেশাদারিত্ব , দায়িত্ববোধ ও দেশপ্রেমের প্রশংসাও করেন। প্রধানমন্ত্রী বলেন , সশস্ত্র বাহিনী কোনো নির্দিষ্ট ব্যক্তি , দল বা গোষ্ঠীর স ম্পত্তি নয়। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষাই সেনাবাহিনীর একমাত্র পবিত্র দায়িত্ব। সেনাবাহিনীর ভূমিকার প্রতি শ্রদ্ধা ও আস্থাও প্রকাশ করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন , পিলখানা হত্যাকাণ্ড চালিয়ে সেনাবাহিনীকে দুর্বল করে দেওয়া হয়েছিল। এর পরের শাসনামলেও নানা কর্মকাণ্ডের মাধ্যমে সেনাবাহিনীকে বিতর্কিত করার চেষ্টা করা হয়েছিল। ২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী সময় এবং অন্তর্বর্তী সরকারের পুরো আমলে সেনাবাহিনীর দায়িত্বশীল ভূমিকার কথা স্মরণ করে তিনি বলেন , ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনেও সেনাবাহিনী স্বতঃস্ফূর্তভাবে তাদের দায়িত্ব পালন করেছে। সেনাবাহিনীর আধুনিকায়নে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অবদানের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন , সশস্ত্র বাহিনী যদি ঐক্যবদ্ধ থাকে , তবে বাংলাদেশকে কখনও কেউ পরাজিত করতে পারবে না। তিনি যে দেশপ্রেমের অগ্নি শিখা জ্বালিয়েছিলেন , তা যেন নিভে না যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## মালয়েশিয়ায় শ্রমবাজার দ্রুত খুলতে কাজ করছে সরকার: প্রধানমন্ত্রীর উপদেষ্টা

মালয়েশিয়ায় বাংলাদেশের শ্রমবাজার দ্রুত পুনরায় চালু করতে সরকার জোর তৎপরতা চালাচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন। রোববার সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। মাহদী আমিন বলেন , আমরা চাই, স্বল্প খরচে, স্বচ্ছ প্রক্রিয়ায় যেন আমাদের মানুষ যেতে পারেন। মালয়েশিয়াকে আহ্বান জানিয়েছি এই প্রক্রিয়াটাকে সিন্ডিকেটমুক্ত করার জন্য, যা কিছু করা প্রয়োজন সেটি যেন করে। তিনি আরও বলেন , এ বিষয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী যেমন আন্তরিক , তেমনি মালয়েশিয়ার প্রধানমন্ত্রীও ইতিবাচক মনোভাব দেখিয়েছেন। শ্রমিক পাঠানো কবে শুরু হবে সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন , বিষয়টি এখনো প্রক্রিয়া ধীন। আমরা যত দ্রুত সম্ভব , এটি উন্মোচনের জন্য কাজ করে যাচ্ছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## দু-একটি বাদে গণভোটসহ অন্তর্বর্তী সরকারের সব কর্মকাণ্ড বৈধতা পাচ্ছে: স্বরাষ্ট্রমন্ত্রী

দু-একটি বাদে বিগত অন্তর্বর্তীকালীন সরকারের সব কর্মকাণ্ডকে বৈধতা দিতে যাচ্ছে বিএনপি সরকার। এমনকি গণভোটও বৈধতা পাবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় সংসদে উত্থাপিত ১৩৩টি অধ্যাদেশ বিষয়ে সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। এসময় আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান ও চিফ হুইপ নুরুল ইসলাম মনি উপস্থিত ছিলেন। গণভোট নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংবিধানের ১৪২ অনুচ্ছেদ অনুসারে সাংবিধানিকভাবে যে গণভোট, এই গণভোট সেই গণভোট না। তিনি বলেন, আমার রাজনৈতিক বক্তব্যটা বলছি , গণভোট অধ্যাদেশ অনুযায়ী গণভোট অনুষ্ঠিত হয়েছে। গণভোটের বৈধতার প্রশ্ন, সেটা যখন আমরা সেই সরকারের অর্থাৎ অন্তর্বর্তী সরকারের সব বিষয়াবলির সাংবিধানিকভাবে বৈধতা দেবো, তখন চতুর্থ তফশিলে তাদের এসব কর্মকাণ্ড বৈধতা পেয়ে যাবে। স্বরাষ্ট্রমন্ত্রী জানান , গণভোট অধ্যাদেশ অনুযায়ী গণভোট হয়েছে এবং সেই গণভোটের বৈধতাও রয়েছে। এজন্য নতুন করে ওই অধ্যাদেশকে আইন করার প্রয়োজন নেই। কারণ , ওই আইনের আলোকে তো গণভোট হবে না। যদি গণভোট করতে হয় , তখন সাংবিধানিকভাবে অথবা সংবিধানের বাইরে গণভোট করতে হলে আলাদা একটা আইন পাস করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## শপথ নিলেন নবনির্বাচিত দুই সংসদ সদস্য

বগুড়া-৬ আসনের উপ-নির্বাচনে বিএনপির প্রার্থী রেজাউল করিম বাদশা এবং শেরপুর -৩ আসনের সাধারণ নির্বাচনে বিএনপির মাহমুদুল হক রুবেল সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। জাতীয় সংসদে আয়োজিত শপথ অনুষ্ঠানে

স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তা  দের শপথবাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমান উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েবে পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## চিনিকলের দখল করা জমির কমিটি নিয়ে সাঁওতালদের সংঘর্ষ আহত ৩

গাইবান্ধার গোবিন্দগঞ্জের জয়পুরপাড়ায় চিনিকলের জমির দখল করা কমিটি নিয়ে সাঁওতালদের দুইপক্ষে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে নারীসহ আহত হয়েছেন তিনজন। রোববার (১২ এপ্রিল) দুপুরে জয়পুর পাড়ায় এ ঘটনা ঘটে। আহতরা হলেন- শিউলী মার্ডি, লুকাস মুরমু, শ্যামলী মার্ডি। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। জানা যায়, রংপুর চিনিকল বন্ধ হয়ে যাওয়া সাঁও  তালরা এক হাজার  ৮৬২ একর জমি বাপ -দাদার দাবি করে ভোগ -দখল করছেন। ওই জমির মালিকানা ফেরতের দাবিতে আন্দোলন করে আসছে সাহেবগঞ্জ বাগদা ভূমি উদ্ধার সংগ্রাম কমিটি। গত ১ এপ্রিল ফিলিমন বাস্কের নেতৃত্বে নতুন কমিটি ঘোষণা করলে কমিটি দুই ভাগে ভাগ হয়ে যায়। বর্তমানে একটির নেতৃত্বে রয়েছে- ফিলিমন বাস্কে, অন্যটির নেতৃত্বে জাফরুল ইসলাম। দুপুরে ফিলিমন বাস্কের নেতৃত্বে একটি বিক্ষোভ সমাবেশ আয়োজন করা হয়। সেখানে দুই গ্রুপের কমিটির নিয়ে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে দুই গ্রুপের মধ্য সংঘর্ষ বাধে। এসময় নারীসহ তিনজন আহত হয়। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## হামের উপসর্গ নিয়ে ময়মনসিংহ মেডিকেলে আরও দুই শিশুর মৃত্যু

হামের উপসর্গ নিয়ে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে আরও দুই শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে এই হাসপাতালে মোট  ১২ শিশুর মৃত্যু হলো। এছাড়া গত  ২৪ ঘণ্টায় নতুন করে আরও  ২৬ শিশু ভর্তি হয়েছে। এ নিয়ে সেখানে চিকিৎসাধীন মোট   ৭৩ শিশু। রোববার সকালে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের হাম মেডিকেল দলের ফোকাল পারসন সহযোগী অধ্যাপক ডা. মো. গোলাম মাওলা এই তথ্য নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## জামিন পেলেন সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরী

জামিন পেয়েছেন সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরী। রোববার ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জাকির হোসাইন তার জামিন মঞ্জুর করেন। আদালত সূত্রে জানা যায় , শিরীন শারমিনকে আজ আদালতে তোলা হয়নি । তার পক্ষে আইনজীবীরা শুনানিতে অংশ নেন। বৈষম্যবিরোধী আন্দোলনের সময় হত্যাচেষ্টা ও ভাঙচুরের ঘটনায় রাজধানীর লালবাগ থানায় করা একটি মামলায় এদিন সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীর রিমান্ড ও জামিন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠান আদালত। এর আগে, আটকের পর ওই মামলায় তাকে গ্রেফতার দেখায় পুলিশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## লটারি মেধাবী ঠিক করে না, ধনী-গরিবের বৈষম্যও কমায় না: শিক্ষামন্ত্রী

স্কুলে ভর্তিতে লটারি পদ্ধতি বাতিল করার সমালোচনার জবাবে শিক্ষামন্ত্রী ড  . আ ন ম এহছানুল হক মিলন বলেছেন , ”লটারি তুলে দেওয়ায়  আমাকে নিয়ে অনেক সমালোচনা হয়েছে  , হচ্ছে। আমি নাকি ধনী  -গরিবের বৈষম্য করেছি। লটারি পদ্ধতি মেধাবী , কে অমেধাবী , তা ঠিক করে না। আবার ধনী   -গরিবের বৈষম্যও কমায় না। রোববার   দুপুরে রাজধানীর আজিমপুর সরকারি গার্লস স্কুল অ্যান্ড কলেজের অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্র    ধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন  , লটারিতে তো ভর্তি হয়েছে। কিন্তু লটারিতে ভর্তির সময়ে কতজন ঠিক লটারিতেই চান্স পেয়ে ভর্তি হয়েছে, আর কতজন পার্সিয়ালিটিতে (পক্ষপাতিত্ব বা তদবির) হয়েছে, সব কিন্তু আমি জানি। আমার কাছে সব খবর আছে। আমি স্পষ্ট করেই বলছি, লটারি মেধা নির্ধারণ করে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## হাম প্রতিরোধে গলিতে গলিতে প্রচারণা চালাতে হবে: স্বাস্থ্যমন্ত্রী

রাজধানীতে হামের টিকাদান কর্মসূচি সফল করতে মাঠপর্যায়ের কর্মকর্তাদের জনসম্পৃক্ততা বাড়ানো এবং শতভাগ শিশুর অংশগ্রহণ  নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল। তিনি বলেছেন, ছয় মাস থেকে পাঁচ বছর বয়সি সব শিশুকে এই টিকাদান কর্মসূচির আওতায় আনতে হবে। এ কর্মসূচিকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে গলিতে গলিতে প্রচারণা চালাতে হবে    , যাতে এটি সাধারণ মানুষের কাছে জনপ্রিয় হয় এবং সবাই স্বতঃস্ফূর্তভাবে অংশ নেয়। রোববার ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন আয়োজিত হাম টিকাদান কর্মসূচির উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## মালয়েশিয়া থেকে আসছে ৬০ হাজার টন ডিজেল

মালয়েশিয়া থেকে ৭ কোটি লিটার ডিজেল নিয়ে দুটি জাহাজ আসছে। মঙ্গলবার সন্ধ্যা ও রাতে ৩ ঘণ্টা বিরতিতে `এমটি টর্ম দামিনি, এবং `এমটি লুসিয়া সোলিস , নামের জাহাজ দুটি চট্টগ্রাম বন্দরে পৌঁছার কথা রয়েছে। বিপিসির এক

ঊর্ধ্বতন এক কর্মকর্তা বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। বিপিসির নিয়মিত সরবরাহকারী ইউনিপেক (সিঙ্গাপুর) পিটিই লিমিটেড চায়না এবং পিটি বুমি সিয়াক পুসাকু (বিএসপি)-জাপিন ইন্দোনেশিয়া ডিজেলগুলো সরবরাহ দিচ্ছে। জানা গেছে, ডেনমার্কের পতাকাবাহী ট্যাংকার জাহাজ এমটি টর্ম দামিনি মালয়েশিয়ার জোহর বন্দর এবং ইন্দোনেশিয়ান পতাকাবাহী এমটি লুসিয়া সোলিস মালয়েশিয়ার তানজুং পেলেপাস বন্দর থেকে গত ৯ এপ্রিল বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা করেছে। জাহাজ দুটি ১৪ এপ্রিল বাংলাদেশে আসার কথা রয়েছে। জাহাজ দুটিতে ৩০ হাজার টন করে ৬০ হাজার টন ডিজেল থাকবে, যা লিটারে প্রায় ৭ কোটি ১১ লাখ লিটার।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## হরমুজে বাংলাদেশি জাহাজ ছাড়াতে সহযোগিতার আশ্বাস রাষ্ট্রদূতের

হরমুজ প্রণালিতে আটকে পড়া বাংলাদেশি জাহাজগুলোকে নিরাপদে পারাপারে সহযোগিতার আশ্বাস দিয়েছেন ঢাকায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জলিল রহিমি জাহানাবাদী। রোববা র (১২ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলা ভবন সংলগ্ন বটতলায় আয়োজিত এক শোক সমাবেশ ও যুদ্ধাপরাধবিরোধী প্রদর্শনীতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আশ্বাস দেন। `ইসলামি প্রজাতন্ত্র ইরানের শহিদ শিক্ষার্থীদের স্মরণ : মার্কিন-ইসরাইলি যুদ্ধাপরাধের বিচার ও জবাবদিহিতা দাবি, শীর্ষক এ কর্মসূচিতে রাষ্ট্রদূত বলেন, চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে বহু জাহাজ হরমুজ প্রণালিতে অপেক্ষমাণ, যার মধ্যে বাংলাদেশের জাহাজও রয়েছে। তিনি জানান, বিষয়টি নিয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে আলোচনা করে দ্রুত জাহাজগুলো পারাপারের ব্যবস্থা নেওয়া হবে। বাংলা দেশ-ইরান সম্পর্ক প্রসঙ্গে তিনি বলেন, দুই দেশের সম্পর্ক বন্ধুত্বপূর্ণ এবং বাংলাদেশকে ইরান `ভ্রাতৃপ্রতিম দেশ, হিসেবে দেখে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## বিদ্যুতের দাম সমন্বয়ের সুপারিশ দিতে মন্ত্রিসভা কমিটি

চলমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি ও বিদ্যু তের ক্রমবর্ধমান সংকট সমাধানে বিদ্যুতের পাইকারি ও খুচরা মূল্যহার সমন্বয়ের বিষয়ে সরকারকে প্রস্তাব দিতে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। গত ৯ এপ্রিল অর্থমন্ত্রীকে আহ্বায়ক করে ছয় সদস্যের এই কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী এবং বাণিজ্য মন্ত্রীকে কমিটিতে সদস্য করা হয়েছে। এছাড়া অর্থ বিভাগ, বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিবদের কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে। কমিটিকে চলমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি ও বিদ্যুতের ক্রমবর্ধমান সংকট সমাধানে বিদ্যুতের পাইকারি ও খুচরা মূল্যহার সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করে মন্ত্রিসভা-বৈঠকের জন্য সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়ন করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## ফেসবুকে ট্রাইব্যুনালকে অবমাননা, যুবলীগ নেতার সশ্রম কারাদণ্ড

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল নিয়ে ফেসবুকে অবমাননাকর পোস্ট দেওয়ায়, এম এইচ পাটোয়ারী বাবু নামের এক যুবলীগ নেতাকে দুই মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। একই অপরাধের দায়ে ক্ষমা পেয়েছেন ওই যুবলীগ নেতার স্ত্রী। রোববার (১২ এপ্রিল) বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধী ন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ রায় দেন। এ ট্রাইব্যুনালের অন্য দুই সদস্য হলেন - বিচারপতি শফিউল আলম মাহমুদ ও বিচারক মোহিতুল হক এনাম চৌধুরী। আদালতে আজ রাষ্ট্রপক্ষে শুনানি করেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। আসামিপক্ষে ছিলেন সুপ্রিম কোর্টের আইন জীবী অ্যাডভোকেট মাহাবুবুর রহমান খান ও আইনজীবী এমএ নোমান। অন্যদিকে, প্রসিকিউশনের পক্ষে ছিলেন প্রসিকিউটর মোহাম্মদ মিজানুল ইসলাম, ফারুক আহাম্মদ, সুলতান মাহমুদ, আবদুস সাত্তার পালোয়ান, ব্যারিস্টার তানভির জোহা, শাইখ মাহদী, মঈনুল করিম ও তারেক সিদ্দিকীসহ অন্যরা। এম এইচ পাটোয়ারী বাবু ছাত্রলীগের সাবেক সহ -সভাপতি। বর্তমানে ঢাকা মহানগর যুবলীগ উত্তরের গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক। তার বাসা রাজধানীর মিরপুরের সেনপাড়ায়। এম এইচ পাটোয়ারী বাবু নামের ফেসবুক আইডি থেকে সম্প্রতি একটি পোস্টে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারপতি গোলাম মর্তুজা মজুমদার, সাবেক আইন উপদেষ্টা আসিফ নজরুল, সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম এবং সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ও জামায়াতের কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মোহাম্মদ শিশির মনিরের বিরুদ্ধে প্রায় ১২ হাজার কোটি টাকা `খাওয়ার, বানোয়াট পোস্ট প্রচার করা হয়েছিল। দণ্ডিত যুবলীগ নেতা ও তার স্ত্রী আজ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল -১ এ উপস্থিত ছিলেন। তারা দুইজনই আদালতের কাছে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন। রায় ঘোষণার পর যুবলীগ নেতা এম এইচ পাটোয়ারীকে কারাগারে নেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## ভোজ্যতেলের দাম বাড়ছে না : বাণিজ্যমন্ত্রী

দেশে আপাতত ভোজ্যতেলের দাম বাড়ছে না। রোববার দেশের ভোজ্যতেল সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা বৈঠকের পরে সাংবাদিকদের এ কথা জানান বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেন, এ সময় দেশের মানুষ মধ্যপ্রাচ্যে যুদ্ধসহ বৈশ্বিক নানা কারণে শঙ্কার মধ্যে আছে। আমাদের প্রথম অগ্রাধিকার হচ্ছে, এর মধ্যে যেন কোনো

পণ্যের দাম না বাড়ে, সেটি লক্ষ্য হিসেবে নিয়ে আমরা পদক্ষেপ নেবো। তিনি বলেন, ভোজ্যতেল নিয়ে আমরা নিয়মিত বসি। এটি একটি সংবেদনশীল পণ্য। এটির দাম বাড়লে ক্রেতারা নাখোশ হোন। এজন্য নিয়মিত বি রতিতে আমরা দেশের তেলের সরবরাহ পরিস্থিতি , আমদানি পর্যালোচনা করি। তবে এ বৈঠকে দাম বাড়ানোর বিষয়ে এখনো বলার মতো কোনো কিছু হয়নি। বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সময় দেশের ভোজ্যতেল সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## সাবেক আইনমন্ত্রী শফিক আহমেদ মারা গেছেন

সাবেক আইনমন্ত্রী ও সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার শফিক আহমেদ মারা গেছেন। রোববার বিকেল সাড়ে ৫টার দিকে ধানমন্ডির এক বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৯ বছর। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন তার ছেলে ব্যারিস্টার মাহবুব শফিক।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## বাতিল অধ্যাদেশগুলো যাচাই-বাছাই হবে, বিরোধীদল ‘বিভ্রান্তি ছড়াচ্ছে

সংসদে বিল পাসের মাধ্যমে বাতিল হওয়া অধ্যাদেশগুলো পরবর্তী সময়ে যাচাই -বাছাই করা হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। বিরোধীদলীয় নেতারা এসব অধ্যাদেশের বিষয়ে ‘বিভ্রান্তি ছড়াচ্ছেন, বলেও মন্তব্য করেন তিনি। রোববার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় সংসদে উত্থাপিত ১৩৩টি অধ্যাদেশ বিষয়ে সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী এ কথা জানান। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ ও চিফ হুইপ নুরুল ইসলাম মনি উপস্থিত ছিলেন। আইনমন্ত্রী বলেন , রহিত হওয়া সাতটি অধ্যাদেশ যাচাই -বাছাই করা প্রয়োজন। আমরা সংশোধনের মাধ্যমে অধ্যাদেশগুলো যাচাই-বাছাইয়ের প্রতিশ্রুতি দিয়েছি। সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী বলেন, যারা বলছেন, আমরা অধ্যাদেশগুলো করিনি, বাদ দিয়েছি, তারা মূলত এটা নিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছেন। আইনমন্ত্রী বলেন , ১৩৩টি অধ্যাদেশের মধ্যে আমরা যেটা আপনাদের সামনে বলতে চাচ্ছি , ৯৭টি অধ্যাদেশ হুবহু যেভাবে অধ্যাদেশ ছিল , সেভাবেই পাস হয়েছে। ১৩টি অধ্যাদেশকে আমরা সংশোধিত আকারে পাস করেছি, ছোটো-খাটো সংশোধন এনে। ৭টি অধ্যাদেশকে আমরা রহিতকরণ ও হেফাজত করে পাস করেছি। আর ১৬টি অধ্যাদেশকে আমরা উপস্থাপন করিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ আসাদ)

## হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলে ইরানের সহযোগিতা চাইলো বাংলাদেশ

হরমুজ প্রণালি দিয়ে বাংলাদেশি জাহাজ নিরাপদে চলাচলের সুবিধা পেতে ইরানকে অনুরোধ জানানো হয়েছে। রোববার (১২ এপ্রিল) ঢাকায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জলিল রহিমি জাহানাবাদী পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে সাক্ষাতে এলে এই অনুরোধ জানানো হয়। পররাষ্ট্র মন্ত্র ণালয়ের একটি সূত্র বলছে, রোববার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় অনুষ্ঠিত সাক্ষাতে দ্বিপাক্ষিক ইস্যু এবং মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। উভয়পক্ষ এই অঞ্চল এবং এর বাইরে শান্তি ও স্থিতিশীলতার গুরুত্বের ওপর জোর দেন। প্রতিমন্ত্রী হরমুজ প্রণালি দিয়ে বাংলাদেশগামী নৌযানগুলোর নিরাপদে যাতায়াতের বিষয়টি বিবেচনার জন্য ইরানি রাষ্ট্রদূতকে অনুরোধ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে জেলায় জেলায়১১ দলের বিক্ষোভ

গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে জেলায় জেলায় বিক্ষোভ মিছি ল ও সমাবেশ করেছে ১১ দলীয় জোট। রোববার (১২ এপ্রিল) বিকেলে ‘১১ দলীয় ঐক্যের, ব্যানারে বিভিন্ন জেলায় এ কর্মসূচি পালন করে জোটভুক্ত দলগুলো। এতে জামায়াতে ইসলামী, এনসিপি, খেলাফত মজলিশ, এবি পার্টিসহ জোটভুক্ত দলের নেতা -কর্মীরা অংশ নেন। এসময় তারা সরকারকে অনতিবিলম্বে গণভোটের রায় পূর্ণাঙ্গভাবে বাস্তবায়নের আহ্বান জানান। অন্যথায় রাজপথ ও সংসদে প্রতিবাদের মাধ্যমে সরকারকে গণভোটের রায় বাস্তবায়নে বাধ্য করা হবে বলে হুঁশিয়ারি দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## আলোচিত পুলিশ কর্মকর্তা কোহিনূর মিয়া হলেন অতিরিক্ত ডিআইজি

১৫ বছর পর চাকরি ফেরত পাওয়া আলোচিত পুলিশ কর্মকর্তা মো. কোহিনূর মিয়াকে পদোন্নতি দিয়েছে সরকার। তিনি অতিরিক্ত উপ-পুলিশ মহাপরিদর্শক বা অতিরিক্ত ডিআইজি (গ্রেড-৪) পদে ভূতাপেক্ষ পদোন্নতি পেয়েছেন। রোববার (১২ এপ্রিল) রাষ্ট্রপতির আদেশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ -১ শাখার উপ-সচিব তৌহিফ আহমেদের স্বাক্ষরে এ - সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এতে বলা হয় , ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক উপ-পুলিশ কমিশনার (ডিসি, পশ্চিম) কোহিনূর মিয়াকে ২০১৫ সালের ৭ এপ্রিল থেকে ভূতাপেক্ষ পদোন্নতি দেওয়া হলো। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন -ভাতা পাবেন। এর আগে , গত ৯ মার্চ রাষ্ট্রপতির পুনর্বিবেচনার আওতায় প্রায় ১৫ বছর আগের বরখাস্তের আদেশ বাতিল করে কোহিনূর মিয়াকে চাকরিতে পুনর্বহাল করে সরকার।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা ভেস্তে গেলে সবার ক্ষতি: শামা ওবায়েদ

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তি আলোচনা কোনো চূড়ান্ত সমাধানে না পৌঁছালেও , দুইপক্ষের আলোচনার টেবিলে বসাকে ইতিবাচক অগ্রগতি হিসেবে দেখছে বাংলাদেশ সরকার। কূটনীতি ও সংলাপের মাধ্যমে সংকট সমাধানের ওপর গুরুত্ব দিয়ে ঢাকা বলছে , এ ধরনের আলোচনা ব্যর্থ হলে বৈশ্বিকভাবে প্র তিটি দেশই ক্ষতিগ্রস্ত হবে। রোববার (১২ এপ্রিল) সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন , আমরা চাই, আলোচনা আরও বেগবান হোক এবং এখান থেকে একটি গ্রহণযোগ্য সমাধান আসুক। যদি তা না হয়, তাহলে পরিস্থিতি আরও অবনতির দিকে যেতে পারে , যার প্রভাব সারা বিশ্বেই পড়বে। অর্থনৈতিক ও সামাজিকভাবে প্রতিটি দেশই এতে ক্ষতিগ্রস্ত হবে, যা আমরা কোনোভাবেই চাই না। মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ পরিস্থিতি নিয়ে বাংলাদেশের অবস্থান পুনর্ব্যক্ত করে প্রতিমন্ত্রী বলে ন, সব সময়ই আমরা বলে আসছি , যে-কোনো মূল্যে যুদ্ধ বন্ধ করতে হবে এবং নেগোসিয়েশন ও ডায়ালগের মাধ্যমে কূটনৈতিক সমাধান খুঁজে বের করতে হবে। এই যুদ্ধাবস্থায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে সাধারণ মানুষ এবং বৈশ্বিক অর্থনীতি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## রমনার বটমূলে ছায়ানটের অনুষ্ঠানে যেতে চান মার্কিন রাষ্ট্রদূত

বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে রাজধানীর রমনার বটমূলে আয়োজিত ছায়ানটের ঐতিহ্যবাহী অনুষ্ঠানে যোগ দিতে আগ্রহ প্রকাশ করেছেন , বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন। এ উপলক্ষ্যে তার নিরাপত্তা জোরদার করতে সংশ্লিষ্ট আইন -শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানিয়েছে ঢাকাস্থ মার্কিন দূতাবাস। একইসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) চারুকলা অনুষদের আয়োজনে পহেলা বৈশাখের ঐতিহ্যবাহী শোভাযাত্রায় অংশ নিতে মার্কিন রাষ্ট্রদূতসহ বিভিন্ন দেশের কূটনীতিকদের আমন্ত্রণ জানানো হয়েছে। কূটনৈতিক সূত্রে এসব তথ্য জানা গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## সিগন্যাল অমান্য করলে জরিমানা-কারাদণ্ড, কড়াকড়ি ডিএমপির

রাজধানীর গুরুত্বপূর্ণ ক্রসিংগুলোতে ট্রাফিক সিগন্যাল লাইট কার্যকর করে সড়কে শৃঙ্খলা ফেরাতে কঠোর অবস্থা নে যাচ্ছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। সিগন্যাল অমান্য, উল্টোপথে চলাচল কিংবা নির্ধারিত স্থান ছাড়া রাস্তা পারাপার হলে ডিজিটাল মামলাসহ জরিমানা ও কারাদণ্ডের মুখে পড়তে হবে বলে জানানো হয়েছে। রোববার (১২ এপ্রিল) ডিএমপির ভারপ্রাপ্ত কমিশনার মো . সরওয়ার স্বাক্ষরি ত এক গণবিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। গণবিজ্ঞপ্তিতে ডিএমপি জানায় , কার্যকর ও আধুনিক সিগন্যাল ব্যবস্থাপনা ও সড়কে যানচলাচলে শৃঙ্খলা বৃদ্ধি করার জন্য সরকার রাজধানীর গুরুত্বপূর্ণ ক্রসিংগুলোকে ট্রাফিক সিগন্যাল ব্যবস্থাপনার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগের অংশ হিসেবে এরই মধ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন ডিএমপির সঙ্গে সমন্বয় করে ঢাকার বিভিন্ন এলাকায় ক্রসিংগুলোতে ট্রাফিক সিগন্যাল লাইট স্থাপন করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

## বাংলাদেশে ফ্লাইট চালুর আগ্রহ সৌদির রিয়াদ এয়ারের

বাংলাদেশে সৌদি এয়ারলাইন্স রিয়াদ এয়ারের স্টেশন অপারেশন ও ফ্লাইট চালুর আগ্রহ প্রকাশ করেছেন ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফের এইচ. বিন আবিয়াহ। রোববার (১২ এপ্রিল) সকালে সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম রিতার সঙ্গে সৌজন্য সাক্ষা ৎকালে তিনি এ আগ্রহের কথা জানান। এসময় উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম. রাশিদুজ্জামান মিল্লাত। বৈঠকে বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে উভয়পক্ষ আশাবাদ ব্যক্ত করেন। বিশেষ করে পর্যটন খাতে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। বাংলাদেশের ক্রমবর্ধমান এভিয়েশন বাজারের কথা তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন , শুধু ঢাকাই নয় , সিলেট ও চট্টগ্রাম থেকেও ফ্লাইট পরিচালনার সম্ভাবনা রয়েছে। তিনি সৌদি কর্তৃপক্ষকে এ বিষয়ে বিস্তৃত সংযোগ স্থাপনের আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৪.২০২৬ রিহাব)

# BBC

### AFTER IRAN TALKS FALTER, THE BIG QUESTION IS 'WHAT HAPPENS NEXT?'

Twenty-one hours was not enough to end 47 years of hostility between Iran and the US. The historic high-level talks in Islamabad, during a pause in weeks of grievous war, were always unlikely to end any other way. Calling this marathon negotiating session a failure belies the scale of the challenge in narrowing wide gaps on complex issues ranging from age-old suspicion about Iran's nuclear programme to new challenges this war has thrown up - most of all Iran's control of the strategic Strait of Hormuz, whose closure is causing economic shocks worldwide. To do a deal, they also needed to overcome a deep chasm of distrust. A day ago, it wasn't even certain the two sides would meet, and even more, sit down in the

same room. A longstanding political taboo was broken. The urgent question now is: what happens next? What happens to the contested two-week ceasefire which pulled the world back from US President Donald Trump's alarming threat to destroy a "whole civilisation" in Iran?(BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

**ASHA BHOSLE: THE SOUND OF BOLLYWOOD DIES AGED 92**

Asha Bhosle, a legendary Bollywood singer who became a cultural icon, has died aged 92, her son has confirmed. The unrivalled queen of Indian playback singing died in Mumbai, having been admitted to hospital after suffering a heart attack. Her death marks the end of an era in Bollywood music - with her career spanning more than eight decades and encompassing more than 12,000 songs. Bhosle's distinctive voice breathed life into countless film songs as actors lip-synced to her unforgettable tracks. Her pervasive presence in Bollywood earned her the 1997 hit Cornershop tribute Brimful of Asha, and she was also known internationally for a collaboration with British musician Boy George.

(BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

**HUNGARIANS VOTE IN BIG NUMBERS ON WHETHER TO END ORBÁN RULE AND ELECT RIVAL**

Hungarians are going to the polls in large numbers, in a vote that could bring down Prime Minister Viktor Orbán after 16 years and have significant repercussions for the rest of Europe, the US and Russia. Most polls favour Péter Magyar, who formed a grassroots party, Tisza, after splitting from the ruling Fidesz party. After voting in Budapest, he said if he won he would bolster Hungary's position in the EU and Nato and move against corruption. Orbán told reporters after casting his ballot "I am here to win" and, when asked if he had underestimated his rival, said: "I don't underestimate anyone." Voting takes place until 19:00 (17:00 GMT) and results will start to come through in the evening.

(BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

**UKRAINE AND RUSSIA ACCUSE EACH OTHER OF HUNDREDS OF CEASEFIRE VIOLATIONS**

Ukraine and Russia have each accused one another of hundreds of violations of a short ceasefire coinciding with Orthdox Easter celebrations. The Ukrainian military said on Sunday morning that Russian forces had committed 2,299 violations since the truce began at 16:00 local time (13:00 GMT) on Saturday - including shooting four unarmed soldiers. The Russian defence ministry, in turn, said Ukrainian forces had committed 1,971 violations, including three attempted counter-attacks in Dnipropetrovsk region. Ukrainian President Volodymyr Zelensky earlier said his nation's forces would respond "symmetrically" to Russian attacks during the ceasefire, calling Easter "a time of peace". He added that he hoped the truce could be extended beyond Easter to facilitate peace negotiations which have all but stalled with the outbreak of war in the Middle East - but Russia rejected the idea, saying its attacks would resume on Monday. Russian troops mounted 28 attacks and carried out nearly 2,000 drone strikes, Ukraine's military said, but did not use bombs or missiles.

(BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

**'WE NEED REAL PEACE': UKRAINIANS HAVE LITTLE FAITH IN EASTER TRUCE**

An Orthodox Easter truce agreed by Russia and Ukraine came into force on Saturday afternoon but 38 minutes later we heard air raid sirens in Kharkiv, north-eastern Ukraine. By mid-morning on Easter Sunday, as families across the country attended church, Ukraine's military had recorded more than 2,000 ceasefire violations along the frontline, but no long-range missile or drone strikes. Russia's military gave a similar number. The pause in fighting was supposed to last until Monday, to give people a much-needed rest more than four years after Russia launched its full-scale invasion. "Easter should be a time of safety, a time of peace," Ukraine's President Volodymyr Zelensky wrote on X shortly after the truce began, warning that Ukrainian forces would respond "strictly in kind" to any actions by Moscow.

But expectations and trust were very low.(BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

**POLICE CLEAR IRISH FUEL PROTESTERS FROM SEVERAL LOCATIONS**

Fuel protesters have been removed from a number of sites in the Republic of Ireland by police. Protesters were moved in an operation by gardaí (Irish police) from from O'Connell Street in Dublin, the M50 motorway near the city and from Galway port. A protest is still blocking the N1 southbound near Dundalk - part of the main route between Dublin and Northern Ireland - as well as other roads including the M7. Demonstrators have been

blocking fuel distribution sites and many major motorways and roads in a protest over soaring fuel costs following the US-Israel war with Iran. Shortly after 03:30 gardaí asked people inside tractors and trailers in O'Connell Street to leave the area, all of whom did so peacefully. About 200 uniformed gardaí, the public order unit and mounted unit surrounded O'Connell Street, while its water unit patrolled the River Liffey below and a Garda helicopter flew overhead. A number of trucks and tractors left the area before the operation began, while several others later returned to their vehicles and then drove away under Garda escort. (BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

**STARMER URGES US AND IRAN TO 'FIND WAY THROUGH' AFTER PEACE TALKS FALTER**

Prime Minister Sir Keir Starmer has urged the US and Iran "to find a way through", after initial peace talks between Iran and the US finished without an agreement to end the war. Sir Keir warned against "further escalation" in the Middle East, after the negotiations between the two sides in Pakistan concluded in the early hours of Sunday. Downing Street said the prime minister discussed the talks - which the UK is not involved in - with the Sultan of Oman in a phone call on Sunday. The failure to reach a deal creates uncertainty over whether a fragile two-week ceasefire between Iran and the US will continue to hold. US Vice-President JD Vance was in Pakistan for the talks and said Iran's refusal to commit to not build a nuclear weapon was the main reason for the lack of a deal. Iran's delegation leader, Parliament Speaker Mohammad Bagher Ghalibaf, said whilst his country had raised "raised forward-looking initiatives", the US had so far failed to gain its trust.
(BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

**AT LEAST 30 FEARED DEAD IN CRUSH AT HAITIAN TOURIST SITE**

At least 30 people are feared to have been killed in a stampede at a popular tourist site in Haiti on Saturday. The incident took place on Saturday during an annual Easter gathering at the Laferrière Citadel, a Unesco World Heritage site, Jean Henri Petit, head of civil protection for Haiti's Nord department, said, warning the death toll could yet rise. Prime Minister Alix Didier Fils-Aimé said the incident occurred "during a tourist event attended by many young people" at the site, in the northern town of Milot. He said an investigation had been launched and "all relevant authorities" mobilised to support those affected. "The government sends its sincere condolences to the affected families," Fils-Aimé said in a statement. The site had been packed with students and visitors after the event - commemorating the 19th Century fortress's founding - was advertised on social media, local media report, citing officials. (BBC Web page : 12.04.2026 Ali Ahmed)

# :: THE END ::